# ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ ফর উইমেন

## RISHI BANKIM CHANDRA COLLEGE FOR WOMEN

**(NAAC ACCREDITED)**

পূর্ব কাঁটালপাড়া, নৈহাটি, উত্তর চব্বিশ পরগণা, প: ব:, ৭৪৩১৬৫

East Kantalpara, Naihati, 24 Parganas (N). W.B., 743165.

পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় অনুমোদিত

Affiliated to West Bengal State University

**বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ স্নাতকোত্তর পাঠক্রম (স্ব-অর্থসংস্থানমূলক)**

**২০২৪ - ২০২৫**

# বিবরণপত্র

**POST GRADUATE COURSE IN BENGALI** (Self-financed)

2024 – 2025

# PROSPECTUS

| | | |
|---|---|---|
| **স্নাতকোত্তর পঠনপাঠনের সময়** | : | ১০.৩০ এ.এম — ৪.৩০ পি.এম |
| Academic Hours | : | 10.30 a.m – 4.30 p.m |
| **দূরভাষ** / Telephone No. | : | (০৩৩) ২৫৮০-১৯০৫ / (033) 2580-1905 |
| **ই-মেল** / E-mail | : | rbccwomen@gmail.com |
| **ওয়েবসাইট** / Website | : | www.rbccwomen.org |

# ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ ফর উইমেন

নৈহাটি, উত্তর চব্বিশ পরগণা

## সংক্ষিপ্ত পরিচিতি

উত্তর চব্বিশ পরগণার নৈহাটির নবজাগরণ যুগের উজ্জ্বল পুরুষ ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের পুণ্য জন্মস্থান পূর্ব-কাঁটালপাড়া সংলগ্ন ঋষি বঙ্কিমচন্দ্র কলেজের যাত্রাসূচনা হয়েছিল ১৯৪৭-এর ১৫ জানুয়ারি। ১৯৬৪-র অগস্ট মাসে কেবল মহিলাদের উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টির জন্য শুরু হয় মহাবিদ্যালয়ের প্রাতঃবিভাগ। স্বয়ংসম্পূর্ণ পৃথক মহাবিদ্যালয় হিসাবে **'ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ ফর উইমেন'**-এর নাম নিবন্ধীকৃত হয় **১৩ জুলাই ১৯৮৪**।

স্বয়ংসম্পূর্ণ মহিলা মহাবিদ্যালয় হিসাবে যাত্রা শুরুর পর ১৯৯৮-তে ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ ফর উইমেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (University Grant Commission) - এর 2f এবং 12b ধারায় নথিভুক্ত হয়। ২০০৪ সালে প্রথমবার মহাবিদ্যালয় NAAC পরিদর্শন ও মূল্যায়নে সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়। বিলম্বে হলেও দ্বিতীয়বার NAAC-এর মূল্যায়ন হয় ২০১৬-র নভেম্বরে।

এযাবৎকাল কলা এবং বিজ্ঞান বিভাগে বিভিন্ন বিষয়ে সাম্মানিক (Honours) এবং সাধারণ (General) পাঠক্রমের স্নাতক স্তরেই মহাবিদ্যালয়ের পঠনপাঠন সীমাবদ্ধ ছিল। ২০১৩-১৮ শিক্ষাবর্ষ থেকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনে বাংলা, ইংরাজি, ইতিহাস এবং শিক্ষাতত্ত্বে দূরশিক্ষার মাধ্যমে (DODL) স্নাতকোত্তর পঠনপাঠন শুরু হয়েছিল। তবে অনিবার্য কারণে ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে এই DODL পাঠক্রমে নতুন করে ভর্তি-প্রক্রিয়া কলেজ পরিচালন সমিতির সিদ্ধান্তে স্থগিত করা হয়েছে।

২০১৭-তে পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের কাছে মহাবিদ্যালয় কর্তৃপক্ষ বাংলা ভাষা ও সাহিত্যে নিয়মিত স্তরে (Regular) স্নাতকোত্তর পাঠক্রমের জন্য অনুমোদন প্রার্থনা করে। সরকারি এবং বিশ্ববিদ্যালয়ের পরিদর্শনের পর ২০১৮-তে ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ ফর উইমেন সেই অনুমোদন পায়। এই পর্যায়ে মহাবিদ্যালয়ের বাংলা বিভাগকে সমৃদ্ধ করেছেন প্রয়াত অধ্যাপক পরেশচন্দ্র ভট্টাচার্য্য, প্রয়াত অধ্যাপক সরোজ বন্দ্যোপাধ্যায়, প্রয়াত অধ্যাপক সত্যজিৎ চৌধুরী, অধ্যাপক আরতি ভট্টাচার্য্য, অধ্যাপক গীতা গুপ্ত এবং অধ্যাপক রতন কুমার নন্দী। এঁরা প্রত্যেকেই স্ব-স্ব ক্ষেত্রের বিশিষ্ট এবং বাংলার সারস্বত-সমাজে সুপরিচিত। বাংলা বিভাগের সুনাম এবং প্রতিষ্ঠার ক্ষেত্রে তাঁদের প্রত্যেকের দান আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। ২০১৮-১৯ শিক্ষাবর্ষ থেকে মহাবিদ্যালয়েই মহিলা নির্বিশেষে সকলের জন্য শুরু হচ্ছে পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বাংলা স্নাতকোত্তর পাঠক্রম।

প্রসঙ্গত উল্লেখ্য মহাবিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারটি স্নাতকোত্তর বাংলা পঠনপাঠনের উপযোগী গ্রন্থসম্পদে সমৃদ্ধ। স্নাতকোত্তর বিভাগের প্রয়োজনে ইতিমধ্যে সেই গ্রন্থসম্পদ আরও বৃদ্ধি করা হয়েছে এবং ভবিষ্যতে আরও সমৃদ্ধ করার চেষ্টা অব্যাহত থাকবে। গ্রন্থাগারের নিজস্ব পাঠকক্ষও আছে। KOHA সফ্টওয়্যার দ্বারা নিয়ন্ত্রিত কেন্দ্রীয় গ্রন্থাগারে ইন্টারনেট ব্যবহারের এবং INFLIBNET ব্যবহারেরও অবাধ সুযোগ শিক্ষার্থীর জন্য রাখা হয়েছে।

| | | |
|---|---|---|
| **অধ্যক্ষ** (Principal) | : | ড. লনা মুখোপাধ্যায়; এম. এস. সি., বি. এড., পিএইচ. ডি. |
| **হিসাবপরীক্ষক** (Bursar) | : | শ্রীনির্মল দাস; এম. এসসি.। |
| **স্নাতকোত্তর বাংলা পঠনপাঠনের কার্যকাল** (Academic Hours) | : | সকাল ১০.৩০ থেকে বিকেল ৪.৩০। |
| **কার্যালয়ের সময়** (Office Hours) | : | সকাল ৭.০০ থেকে দুপুর ১টা। |
| **বাংলা স্নাতকোত্তরের বিশেষ কার্যালয়ের সময়** | : | সকাল ১০.৩০ থেকে বিকেল ৪.৩০। |
| **দূরভাষ** | : | (০৩৩) ২৫৮০-১৯০৫ / (033) 2580-1905 |
| **ই-মেল** | : | rbccwomen@gmail.com |
| **ওয়েবসাইট** | : | www.rbccwomen.org |

## COLLEGE GOVERNING BODY

| | | | |
|---|---|---|---|
| 1. | Dr. Abhijit Das | : | President, G.B. |
| 2. | Dr. Lana Mukhopadhyay | : | Principal & Secretary, G.B. |
| 3. | Dr. Partha Pratim Chattopadhyay | : | W.B.C.H.S.E. Nominee, G.B. |
| 4. | Sri Ashish Kumar Pandit | : | State Govt. Nominee, G.B. |
| 5. | Ms. Tulika Ghosh | : | State Govt. Nominee, G.B. |
| 6. | Dr. Arindam Mallick | ; | University Nominee, G.B. |
| 7. | Ms. Deboshree Golder | : | University Nominee, G.B. |
| 8. | Dr. Gargi Mukhopadhyay | : | Teachers' Representative, G.B. |
| 9. | Sri Subhash Chandra Mondal | : | Teachers' Representative, G.B. |
| 10. | Dr. Tulima Dey | : | Teachers' Representative, G.B. |
| 11. | Sri Anupam Hatui | : | Non-teaching Representative, G.B. |
| 12. | The General Secretary, Students' Union | : | Member, G.B. |

## বাংলা স্নাতকোত্তর বিদ্যাপর্ষদ
### (পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় অনুমোদিত)
### স্নাতকোত্তর বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ
**(স্ব-অর্থসংস্থানমূলক)**

**ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ ফর উইমেন, নৈহাটি, উত্তর ২৪ পরগণা।**

## PG Board of Studies
Approved by West Bengal State University

DEPARTMENT OF BENGALI

(Self-financed)

R. B. C. College for Women, Naihati, 24 Parganas (N).

| | | |
|---|---|---|
| ১। | অধ্যাপক ড. গার্গী মুখোপাধ্যায় | ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ ফর উইমেন, বাংলা বিভাগ। |
| ২। | অধ্যাপক ড. সুখেন বিশ্বাস | বিভাগীয় প্রধান, কল্যাণী বিশ্ববিদ্যালয়, বাংলা বিভাগ। |
| ৩। | অধ্যাপক ড. রমেন সর | বিভাগীয় প্রধান, বর্ধমান বিশ্ববিদ্যালয়, বাংলা বিভাগ। |
| ৪। | অধ্যাপক ড. উৎপল মণ্ডল | বিভাগীয় প্রধান, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, বাংলা বিভাগ। |
| ৫। | অধ্যাপক ড. মোহিনীমোহন সর্দার | বিভাগীয় প্রধান, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, বাংলা বিভাগ। |

### স্নাতকোত্তর বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ
### পূর্ণ সময়ের অধ্যাপকমণ্ডলী

১। অধ্যাপক ড. গার্গী মুখোপাধ্যায়; এম. এ., বি.এড.; পিএইচ. ডি.; স্নাতকোত্তর বিভাগের কো-অর্ডিনেটর এবং অ্যাসোসিয়েট প্রফেসর।

২। অধ্যাপক ড. সুদীপ্তা তরফদার; এম. এ.; পিএইচ. ডি.; অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বিভাগীয় প্রধান।

৩। অধ্যাপক প্রণব কুমার দাঁ (SACT)

৪। অধ্যাপক অসীম বিশ্বাস (SACT)

### স্নাতকোত্তর বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ
### কার্যনির্বাহী অফিস স্টাফ

১। অনুপম হাতুই;

২। অমৃত চৌধুরী ; (অ্যাসিস্ট্যান্ট)

## NON-TEACHING STAFF

1. Sri Laxmikanta Das, Cashier & Head Clerk In-Charge, B.Sc. (Math Hons.) & M.C.A
2. Sri Anupam Hatui, Lab. Attendant In Geography, B.Com (Hons.)+ Cash Division
3. Sri Sanjoy Datta, Library Peon, B.A.
4. Sri Shakti Bose, Guard, Eight Passed
5. Sri Krishna Sri Ram, Peon, M.A.
6. Smt. Sima Barua, Lab. Attendant In Botany, Madhyamick
7. Sri Subhas Biswas, Lab. Attendant In Chemistry, H.S.
8. Sri Basudev Mondal, Guard, B.A. (Honours)
9. Sri Amitava Banerjee, Lab. Attendant In Geography & Accountant in-charge, B.Sc.
10. Sri Shambhu Harijan, Sweeper (P.T.), Class Eight
11. Smt. Seba Banerjee, Fixed Payee, Casual Staff, Class Eight
12. Smt. Papia Dhar (Das), Fixed Payee, Casual Staff, B.A.
13. Sri. Biswajit Chakraborty, Fixed Payee, Casual Staff M.A. (History)
14. Sri. Rahul Kumar Nandy, Fixed Payee, Casual Staff, H.S. Diploma in Information Technology
15. Sri. Atanu Mondal, Fixed Payee, Casual Staff, H.S.
16. Sri. Amrit Chowdhury, Fixed Payee, Casual Staff, B.Sc.
17. Sri. Souhardya Roy, Fixed Payee, Casual Staff, B.Sc.(Honours)
18. Smt. Tania Banerjee, Fixed Payee, Casual Staff, H.S.
19. Smt. Puja Roy Chowdhury, Fixed Payee, Casual Staff, Madhyamick
20. Smt. Rinki Ghosh, Fixed Payee, Casual Staff, B.A. (Honours)
21. Smt. Payel Bhattacharya, Fixed Payee, Casual Staff, M.A., & M.Lis.
22. Sri Tayan Kr. Mukherjee, Fixed Payee, Casual Staff, M.Sc. in Microbiology
23. Sri Satanik Chakraborty, Fixed Payee, Casual Staff, B.Sc.
24. Sanjib Modak, Fixed Payee, Casual Staff, B.Sc.
25. Sri Sourav Moulick, Casual Staff, H.S.
26. Sri Ranjan Dhar, Casual Staff, B.Com.
27. Smt. Priya Biswas, Casual Staff, H.S.
28. Sri Sagnik Pandit, Casual Staff, B.A.
29. Sri Subhankar Saha, Casual Staff, B.A.
30. Smt. Rumpa Paul Sarkar, Casual Staff, B.A.
31. Sri Bikash Harijan, Casual Staff, H.S.

## পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়
## বেরুনানপুকুরিয়া, মালিকাপুর, বারাসাত, কলকাতা-৭০০ ১২৬
## প্রস্তাবিত স্নাতকোত্তর বাংলা পাঠক্রম

(CBCS system), ২০১৯, (probable date of effect : July 2019)

সম্পূর্ণ পাঠক্রম নির্বাচনের সামগ্রিক দৃষ্টিভঙ্গী (Programme specific outcome) :

প্রাক্ স্নাতক স্তরে ছাত্র-ছাত্রীরা যে ত্রিবার্ষিক পাঠক্রমটি অধ্যয়ন করে এসেছে, স্নাতকোত্তর স্তরের পাঠক্রমটি তার থেকে অনেকটাই পৃথক। কারণ, এই পাঠক্রমে ছাত্র-ছাত্রীর কর্মমুখী শিক্ষাদান ও একইসঙ্গে তার আত্মশক্তি বিকাশের উপর জোর দেওয়া হয়েছে। প্রাক্ স্নাতক স্তরের পাঠক্রমের বাইরের পাঠ্যপুস্তক নির্বাচন করে এখানে ছাত্র-ছাত্রীর সর্বাঙ্গীণ বিকাশের এবং তার কর্মমুখী শিক্ষায় দক্ষতা অর্জনের একটি সুযোগ করে দেওয়ার প্রচেষ্টা আছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি আয়োগের পাঠক্রম সংক্রান্ত নির্দেশাবলী অনুসরণ করে সেমেস্টার পদ্ধতিতে এই পাঠক্রমটি তৈরি করা হয়েছে। বাংলা সাহিত্য বিষয়ে এতাবৎ সর্বশ্রেষ্ঠ এবং সর্বাধিক গুরুত্বপূর্ণ পুস্তকগুলিকেই এই পাঠক্রমের নির্বাচিত পুস্তক হিসাবে তুলে ধরে ছাত্র-ছাত্রীর অভ্যন্তরীণ এবং বাহ্যিক বিকাশের পথকে সুগম করার চেষ্টা করা হয়েছে।

### প্রথম সেমেস্টার (সেশনঃ জুলাই থেকে ডিসেম্বর)
### (পাঁচটি গুচ্ছ, প্রতি গুচ্ছ ৫০ × ৫) ২৫০ নম্বর, প্রতিটি গুচ্ছে ক্রেডিট ৪ = ২০ ক্রেডিট
### এবিলিটি এনহান্সমেন্ট কোর কোর্স (AECC), নম্বর ৫০ ক্রেডিট ২

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR01T, **প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ (৫০ নম্বর), ক্রেডিট ০৪**

১। বাঙালি রচিত সংস্কৃত-প্রাকৃত অপভ্রংশ সাহিত্য, চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, অনুবাদ সাহিত্য ও চৈতন্য সাহিত্য ।

২। মঙ্গলকাব্যঃ মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, ধর্মমঙ্গল, শিবায়ন, অন্নদামঙ্গল

৩। নাথ সাহিত্য

৪। মৈমনসিংহ গীতিকা ও পূর্ববঙ্গগীতিকা রোম্যান্টিক প্রণয়কাহিনী

৫। বৈষ্ণব পদাবলী, শাক্ত পদাবলী, কবিগান, টপ্পাগান, পাঁচালী।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। দীনেশচন্দ্র সেন ঃ বঙ্গভাষা ও সাহিত্য, ১ম খণ্ড ২। সুকুমার সেন ঃ বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ১ম ও ২য় খণ্ড ৩। অসিতকুমার বন্দ্যোপাধ্যায় ঃ বাংলা সাহিত্যের ইতিবৃত্ত, ১ম - ৪র্থ ৪। ভূদেব চৌধুরী ঃ

বাংলা সাহিত্যের ইতিকথা ১ম ও ২য় খণ্ড ৫। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় ঃ বাংলা সাহিত্যের ইতিহাস ৬। গোপাল হালদার ঃ বাংলা সাহিত্যের রূপরেখা, ১ম খণ্ড ৭। ক্ষেত্র গুপ্ত ঃ বাংলা সাহিত্যের ইতিহাস।

Course outcome :

প্রথম সেমেস্টার প্রথম গুচ্ছে ছাত্র-ছাত্রীদের প্রাচীন ও মধ্যযুগের সমাজ, রাজনীতি, ধর্মনীতি, শিক্ষানীতি শিক্ষার পাশাপাশি সংস্কৃত-প্রাকৃত-অপভ্রংশ ভাষা শিক্ষা ও সেই সংক্রান্ত পাঠ্যপুস্তকে তার প্রয়োগ শেখানোর প্রয়াসে উপরোক্ত পাঁচটি একক নির্বাচন করা হয়েছে। ফলে এই পাঁচটি একক থেকে ছাত্র-ছাত্রীরা একাধারে প্রাচীন ও মধ্যযুগে লিখিত পুস্তক, কবিদের মানসিকতা, সেকালের ভাষা, সমাজবাস্তবতা ও আর্থ-সামাজিক প্রেক্ষিতটি খুব সহজেই হৃদয়াঙ্গম করতে সমর্থ হবে।

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR02T, **আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ (৫০ নম্বর), ক্রেডিট ০৪**

১। বাংলা গদ্য সাহিত্যের উদ্ভব ও বিকাশ

২। বাংলা সাময়িক পত্রের উদ্ভব ও বিকাশ

৩। বাংলা কাব্য ও কবিতার উদ্ভব ও বিকাশ (আখ্যানকাব্য, মহাকাব্য, গীতিকাব্য)।

৪। বাংলা কথা সাহিত্যের উদ্ভব ও বিকাশ

৫। বাংলা রঙ্গমঞ্চ ও নাট্যসাহিত্যের উদ্ভব ও বিকাশ।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। দীনেশচন্দ্র সেন ঃ বঙ্গভাষা ও সাহিত্য, ১ম খণ্ড ২। সুকুমার সেন ঃ বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ৩য় ও ৫ম খণ্ড ৩। অসিতকুমার বন্দ্যোপাধ্যায় ঃ বাংলা সাহিত্যের ইতিবৃত্ত, ৫ম - ৯ম ৪। ভূদেব চৌধুরী ঃ বাংলা সাহিত্যের ইতিকথা ৩য় ও ৪র্থ খণ্ড ৫। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় ঃ বাংলা সাহিত্যের ইতিহাস ৬। গোপাল হালদার ঃ বাংলা সাহিত্যের রূপরেখা, ২য় খণ্ড ৭। ক্ষেত্র গুপ্ত ঃ বাংলা সাহিত্যের ইতিহাস।

Course outcome :

প্রথম সেমেস্টার দ্বিতীয় গুচ্ছে আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে মোট পাঁচটি একককে বাংলা সাহিত্যের গদ্য, সাময়িক পত্র, কবিতা, নাটক ও রঙ্গমঞ্চ এবং উপন্যাস ও ছোটগল্প রচনার ধারাসহ রচয়িতাদের বিস্তৃত পরিচয় শেখানোর প্রয়াস করা হয়েছে। কারণ, আধুনিককালে বাংলা সাহিত্যের গতিপ্রকৃতি ও সাহিত্য প্রকরণের স্বরূপ কী সে সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করার প্রয়োজন আছে। বিশেষত, ছাত্র-ছাত্রীর কর্মমুখী শিক্ষায় আগ্রহী করে তোলার জন্য আধুনিক সাহিত্য-প্রকরণের সঠিক সন্ধান ও তাদের প্রকৃত স্বরূপটি ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধরার প্রয়োজন অনুভব করেই এমন পাঠক্রমের পরিকল্পনা করা হয়েছে।

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR03T, **ভাষাতত্ত্ব পাঠ (৫০ নম্বর), ক্রেডিট ০৪**

১। প্রাচীন, মধ্য ও নব্য ভারতীয় আর্যভাষা সম্পর্কে ধারণা।

২। প্রাচীন, মধ্য ও নব্য বাংলা ভাষা।

৩। বাংলা লিপির উদ্ভব ও বিকাশ।

৪। ভাষা বৈচিত্র্য : আঞ্চলিক-সামাজিক-সাহিত্যিক উপভাষা।

৫। ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব।

৬। বাংলা রূপতত্ত্ব ও বাংলা বাক্যতত্ত্ব।

৭। আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা।

৮। শব্দার্থতত্ত্ব।

৯। বাংলা শব্দভাণ্ডার।

১০। বাংলা সাধুভাষা ও বাংলা চলিত ভাষা।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঃ ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ ২। সুকুমার সেন ঃ ভাষার ইতিবৃত্ত ৩। রামেশ্বর শ ঃ সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা ৪। পরেশচন্দ্র মজুমদার ঃ সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ ৫। মুহম্মদ আব্দুল হাই ঃ ধ্বনি-বিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব।

Course outcome :

প্রথম সেমেস্টার তৃতীয় গুচ্ছে মোট দশটি এককে বাংলা ভাষার উদ্ভব ও তার বিকাশসহ ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে নানান বিবর্তনের মধ্য দিয়ে কেমন করে আধুনিক বাংলা ভাষা রূপ পরিগ্রহ করেছে সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার চেষ্টা আছে। এই গুচ্ছে ছাত্র-ছাত্রীকে বাংলা ভাষা তৈরির ইতিহাস যেমন শেখানোর চেষ্টা করা হয়েছে, তেমনি এখানে বাংলা ভাষার ধ্বনিতত্ত্বের, রূপতত্ত্বের, শব্দতত্ত্বের, বাক্যতত্ত্বের দিকগুলি শেখানোরও প্রয়াস করা হয়েছে। এর বাইরে বাংলা ভাষার উপভাষা ও তার অঞ্চল, ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য, বাংলা শব্দভাণ্ডার, শব্দার্থ পরিবর্তন, ধ্বনি পরিবর্তন ইত্যাদি সহ আধুনিক বাংলা ভাষা ও তার স্বরূপ এবং তার চর্চা ও বিবর্তনের ইতিহাস সম্পর্কে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা তৈরির প্রয়াস করা হয়েছে।

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR04T, **ভাষাবিজ্ঞান - ক্রমবিকাশের ইতিহাস পাঠ (৫০ নম্বর), ক্রেডিট ০৪**

**১। পাশ্চাত্য ভাষাবিজ্ঞন চর্চার ইতিহাস।**

ক) পাশ্চাত্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস সম্পর্কে সাধারণ ধারণা।

খ) প্লেটো, অ্যারিস্টটল, দান্তে, উইলিয়ম জনস্, ম্যাক্স মূলার, জর্জ আব্রাহাম গ্রীয়ারসন, ফের্দনা দ্য সোস্যুর্, লিওনার্ড ব্লুম্‌ফিল্ড, প্রাগ্-গোষ্ঠী, আব্রাহাম নোয়াম্ চম্স্কি প্রমুখ ভাষাবিদের ভাষাবিজ্ঞান চর্চায় অবদানের ইতিহাস সম্পর্কে ধারণা।

**২। প্রাচ্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস।**

ক) প্রাচ্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস সম্পর্কে সাধারণ ধারণা

খ) পাণিনি, কাত্যয়ন, পতঞ্জলি, বামন, সুনীতিকুমার চট্টোপাধ্যায়, মুহম্মদ শহীদুল্লাহ, সুকুমার সেন, রামেশ্বর শ প্রমুখ ভাষাবিদের ভাষাবিজ্ঞান চর্চায় অবদানের ইতিহাস সম্পর্কে ধারণা।

**৩। বাংলা ব্যাকরণ চর্চা ।**

ক) ব্যাকরণের সংজ্ঞা, স্বরূপ ও বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাস সম্পর্কে সাধারণ ধারণা।

খ) মানোএল-দা-আস্‌সুম্প্‌সাঁও, ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড, উইলিয়ম কেরী, উইলিয়ম ইয়েটস্‌, জেম্‌স্‌ কীথ, চাম্‌নি হটন, ডানকান ফর্বেস, রাজা রামমোহন রায় প্রমুখ ব্যক্তির বাংলা ব্যাকরণ চর্চা সম্পর্কে ধারণা।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঃ ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ ২। সুকুমার সেন ঃ ভাষার ইতিবৃত্ত ৩। রামেশ্বর শ ঃ সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা ৪। পরেশচন্দ্র মজুমদার ঃ সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ ৫। মুহম্মদ আব্দুল হাই ঃ ধ্বনি-বিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব।

Course outcome :

প্রথম সেমেস্টার চতুর্থ গুচ্ছে ভাষাচর্চার ইতিহাস সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণা স্পষ্ট করার জন্য তিনটি এককে মোট ছয়টি উপএককে যথাক্রমে পাশ্চাত্য, প্রাচ্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস সহ বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাস পাঠ্য বিষয়ভুক্ত হয়েছে। প্রতিটি ক্ষেত্রে নির্বাচিত কয়েকজন উল্লেখযোগ্য ভাষাতত্ত্ববিদের ভাষাবিজ্ঞান চর্চায় অবদান আলোচনা করে বিষয়টি সম্পর্কে ছাত্র-ছাত্রীদের ধারণা স্পষ্ট করার প্রয়াস করা হয়েছে।

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR05T, **প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (৫০ নম্বর), ক্রেডিট ০৪**

১। চর্যাপদ (নির্বাচিত ১০টি পদ)।

২। বড়ু চণ্ডীদাস রচিত শ্রীকৃষ্ণকীর্তন (নির্বাচিত অংশ)।

৩। কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী রচিত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (নির্বাচিত অংশ)।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। হরপ্রসাদ শাস্ত্রী ঃ হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোঁহা ২। প্রবোধচন্দ্র বাগচী ঃ চর্যশ্চর্যবিনিশ্চয় ৩। মণীন্দ্রমোহন বসু ঃ চর্য্যাপদ ৪। জাহ্নবীকুমার চক্রবর্তী ঃ চর্যাগীতির ভূমিকা ৫। নির্মল দাস ঃ চর্যাগীতি পরিক্রমা ৬। নীলরতন সেন ঃ চর্যাগীতি কোষ ৭। বসন্তরঞ্জন রায় ঃ শ্রীকৃষ্ণকীর্তন, চণ্ডীদাস বিরচিত ৮। তারাপদ মুখোপাধ্যায় ঃ শ্রীকৃষ্ণকীর্তন ৯। অমিত্রসূদন ভট্টাচার্য ঃ বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন সমগ্র ১০। কল্যাণীশঙ্কর ঘটক ঃ শ্রীকৃষ্ণকীর্তন ১১। সুকুমার সেন ও তারাপদ মুখোপাধ্যায় সম্পাদিত কৃষ্ণদাস বিরচিত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত ১২। অমিত্রসূদন ভট্টাচার্য ঃ পরামৃত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত ১৩। উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় সম্পাদিত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত।

Course outcome :

প্রথম সেমেস্টার পঞ্চম গুচ্ছে প্রাচীন ও মধ্যযুগের সর্বাধিক গুরুত্বপূর্ণ, অবশ্যপাঠ্য এবং বহু চর্চিত তিনটি বিখ্যাত পাঠ্যপুস্তক নির্বাচন করা হয়েছে। চর্যাপদ নামের পাঠ্যপুস্তকে ষ্টিম থেকে দ্বাদশ শতাব্দীর বৌদ্ধ তান্ত্রিক সহজিয়া সম্প্রদায়ের ধর্মচর্চার স্বরূপ, সমকালীন সমাজের আর্থ-সামাজিক, ধর্মীয়, রাজনৈতিক প্রেক্ষিতসহ প্রাচীন বাংলা বাষার স্বরূপ এবং কবিদের কাব্যরচনার কৌশল ও দক্ষতাকে ধরবার প্রয়াস আছে। শ্রীকৃষ্ণকীর্তন গ্রন্থে প্রাক্ মধ্যযুগের বাংলা ভাষার স্বরূপ যেমন ধরা পড়েছে তেমনি নাটগীতি পাঁঞ্চালিকার প্রকরণটি শেখানোর লক্ষ্যে এমন একটি পুস্তক নির্বাচন করা হয়েছে। রাধা-কৃষ্ণ প্রেমকথা নিয়ে গ্রন্থ রচনার ইতিহাস ও বাংলা ভাষা চর্চার ইতিহাস এই দুই দিক গ্রন্থটির মধ্যে বিশেষত্বের দিক হিসাবে ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধরে তাদের জ্ঞানের পরিধি বৃদ্ধির প্রয়াস করা হবে। আর ষোড়শ শতকে চৈতন্য মহাপ্রভুকে কেন্দ্র করে যে ধর্ম আন্দোলন ও সাহিত্য রচিত হয়েছিল সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতের মতো একটি তত্ত্বগ্রন্থ পাঠ্যপুস্তক হিসাবে নির্বাচন করা হয়েছে।

AECC (Ability Enhancement Cour Course) CODE : BNGPAEC01M, **(৫০ নম্বর), ক্রেডিট ০২**

১। কম্পিউটারে বাংলা লিখন।

২। বাংলা বানান চর্চা।

৩। বাংলা পত্রলিখন।

Course outcome :

বাংলা সাহিত্যের ছাত্র-ছাত্রীদের গবেষণাসহ অন্যান্য ক্ষেত্রে নিজের কর্মদক্ষতা বাড়ানোর জন্য কম্পিউটারে বাংলা লিখন, বাংলা বানান শিক্ষা ও পত্রলিখন শিক্ষা জরুরী। এতে ছাত্র-ছাত্রীর কর্মদক্ষতা বৃদ্ধি পাবে। সেইসঙ্গে বাংলা বানান সম্পর্কিত ধারণা স্পষ্ট হলে তাদের কর্মসংস্থান বাড়বে। পত্রিকার সম্পাদক, প্রুফ সংশোধন সহ অন্যান্য স্থানে কর্ম করার সুযোগ পাবে।

## দ্বিতীয় সেমেস্টার (সেশনঃ জানুয়ারী থেকে জুন)

**(পাঁচটি গুচ্ছ, প্রতি গুচ্ছ ৫০ × ৫) ২৫০ নম্বর, প্রতিটি গুচ্ছে ক্রেডিট ৪ = ২০ ক্রেডিট**

**স্কীল এনহান্সমেন্ট কোর্স (SEC), ৫০ নম্বর, ক্রেডিট ০২**

**গুচ্ছ ঃ** (COURSE), CODE : BNGPCOR06T, **উনিশ শতকের বাংলা কাব্য ও কবিতা পাঠ (৫০ নম্বর) ক্রেডিট ০৪**

১। মধুসূদন দত্ত রচিত **মেঘনাদবধ কাব্য**।

২। বিহারীলাল চক্রবর্তী রচিত **সাধের আসন**।

৩। রবীন্দ্রনাথ ঠাকুর ঃ **চিত্রা**।

Course outcome :

দ্বিতীয় সেমেস্টার প্রথম গুচ্ছে উনিশ শতকের প্রতিনিধি স্থানীয় তিনটি কাব্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে। বাংলা সাহিতিকে মহাকাব্য ধারার শ্রেষ্ঠ কাব্য মেঘনাদবধ কাব্য, গীতিকাব্যধারার সাধের আসন ও উনিশ শতকের রবীন্দ্রকাব্য চিত্রা এই গুচ্ছে পাঠ্য বিষয়ভুক্ত হয়েছে।

**গুচ্ছ ঃ** (COURSE), CODE :BNGPCOR07T, **বিশ শতকের বাংলা কাব্য ও কবিতা পাঠ (৫০ নম্বর) ক্রেডিট ০৪**

১। নজরুল ইসলাম ঃ **সঞ্চিতা** (নির্বাচিত কবিতা)

২। জীবনানন্দ দাশ ঃ বনলতা সেন (নির্বাচিত কবিতা)

৩। বুদ্ধদেব বসু সম্পাদিত আধুনিক বাংলা কবিতা

(সুধীন্দ্রনাথ দত্ত, অমিয় চক্রবর্তী, প্রেমেন্দ্র মিত্র, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে, সমর সেন, সুভাষ মুখোপাধ্যায়, সুকান্ত ভট্টাচার্য প্রমুখ কবির নির্বাচিত কবিতা।)

Course outcome :

দ্বিতীয় সেমেস্টার দ্বিতীয় গুচ্ছে বিশ শতকের বাংলা কাব্য ও কবিতায় নজরুল ইসলামের সঞ্চিতা, জীবনানন্দ দাশের বনলতা সেন ও আধুনিক কবিদের রচিত কাব্য ও কবিতা পাঠ্য হিসাবে নির্বাচিত হয়েছে। রবীন্দ্রনাথের পর বাংলা কবিতার মুক্তি যাঁর হাত ধরে হয়েছিল বলে সমালোচকগণ মনে করেন, সেই বিদ্রোহী কবির কবিতা সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করার জন্য নজরুলের সঞ্চিতা কাব্যের কবিতা পাঠ্য বিষয় করা হয়েছে। আধুনিক বাংলা কবিদের মধ্যে হতাশা ও মৃত্যুচেতনার কবি হিসাবে পরিচিত হলেও পল্লী প্রকৃতির রূপ বর্ণনা ও বাংলা কবিতায় পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের প্রয়োগ যাঁর কবিতায় সার্থকতা পেয়েছে সেই বিখ্যাত কবি জীবনানন্দ দাশ-এর রচনার স্বরূপ ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরার জন্য বনলতা সেন কাব্যগ্রন্থের কবিতা পাঠ্য করা হয়েছে। আর আধুনিক কালের বাংলা কবিতার রূপ, স্বরূপ ও ধারা সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করার জন্য আধুনিক কবিদের রচিত কবিতা পাঠ্য বিষয়ভুক্ত করা হয়েছে।

**গুচ্ছ ঃ** (COURSE), CODE :BNGPCOR08T, **বাংলা কথা-সাহিত্য পাঠ, উনিশ শতক (৫০ নম্বর) ক্রেডিট ০৪**

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত **বিষবৃক্ষ**।

২। শরদিন্দু বন্দ্যোপাধ্যায় রচিত **তুঙ্গভদ্রার তীরে**।

৩। অসিতকুমার বন্দ্যোপাধ্যায় ও অজিতকুমার ঘোষ এবং অশ্রুকুমার সিকদার ও কবিতা সিংহ সংকলিত ও সম্পাদিত বাংলা গল্প সংকলন ১ম ও ২য় খণ্ড, সাহিত্য অকাদেমি প্রকাশিত ১৯ শতকের নির্বাচিত গল্প।

Course outcome :

দ্বিতীয় সেমেস্টার তৃতীয় গুচ্ছে উনিশ শতকের বাংলা কথা-সাহিত্য পাঠ্য তালিকাভুক্ত হয়েছে। প্রথম এককে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বিখ্যাত সামাজিক উপন্যাস বিষবৃক্ষ পাঠ্য তালিকায় স্থান পেয়েছে। দ্বিতীয়

এককে শরদিন্দু বন্দ্যোপাধ্যায় রচিত ঐতিহাসিক রোমান্স মূলক উপন্যাস তুঙ্গভদ্রার তীরে উপন্যাসটি এবং তৃতীয় এককে উনিশ শতকের নির্বাচিত ছোটগল্প পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। উনিশ শতকের কথাসাহিত্যের গতিপ্রকৃতি ও সাহিত্যধারা সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সম্যক ধারণা করাই এই নির্বাচনের মূল লক্ষ্য।

**গুচ্ছ ঃ** (COURSE), CODE :BNGPCOR09T, **বাংলা কথা-সাহিত্য পাট, বিশ শতক, (৫০ নম্বর) ক্রেডিট ০৪**

১। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত **রাধা**।

২। আশাপূর্ণা দেবী রচিত **প্রথম প্রতিশ্রুতি**।

৩। অশ্রুকুমার সিকদার ও কবিতা সিংহ এবং সুনীল গঙ্গোপাধ্যায় সংকলিত ও সম্পাদিত বাংলা গল্প সংকলন ৩য় ও ৪র্থ খণ্ড, সাহিত্য অকাদেমি প্রকাশিত ২০ শতকের নির্বাচিত গল্প)।

Course outcome :

দ্বিতীয় সেমেস্টার চতুর্থ গুচ্ছে বিশ শতকের বাংলা কথা-সাহিত্য পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে। এই গুচ্ছের প্রথম এককে রাঢ় বাংলার রূপকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত **রাধা** উপন্যাসটি পাঠ্য করার কারণ চৈতন্য মহাপ্রভুর মৃত্যুর পর বৈষ্ণব ধর্মের গতিপ্রকৃতি সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করা। বিশ শতকে নারী স্বাধীনতা নারীর লেখায় কেমনভাবে প্রকাশিত হয়েছে সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে প্রথম প্রতিশ্রুতি উপন্যাসটির নির্বাচন। সমকালীনতা, সংসারনীতি, নারী পুরুষের দাম্পত্য সম্পর্ক ও বিশ শতকের পুরুষ শাষিত সমাজে নারীর অবস্থান ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরাই এই নির্বাচনের মূল লক্ষ্য। আর বাংলা ছোটগল্পের ধারা বিশ শতকে কেমনভাবে প্রভাব বিস্তার করেছিল, সে সম্পর্কে ছাত্র-ছাত্রীদের ধারণা তৈরি করার জন্য বিশ শতকের বাংলা ছোটগল্পের নির্বাচন।

**গুচ্ছ ঃ** (COURSE), CODE :BNGPCOR10T, **রবীন্দ্রসাহিত্য পাঠ (৫০ নম্বর) ক্রেডিট ০৪**

১। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **গোরা**।

২। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **রক্তকরবী**।

৩। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ও সংকলিত **সঞ্চয়িতা,** (নির্বাচিত কবিতা)।

Course outcome :

রবীন্দ্রনাথ ঠাকুর ও তাঁর রচিত সাহিত্য বাংলা সাহিত্যের অধিকাংশ স্থান জুড়ে আছে। ছাত্র-ছাত্রীদের রবীন্দ্রসাহিত্য সম্পর্কে জ্ঞান বৃদ্ধি ও ব্যক্তি রবীন্দ্রনাথকে জানবার জন্য ভিন্ন ভিন্ন সেমেস্টারের পৃথক পৃথক এককে আমরা যতটা সম্ভব রবীন্দ্রসাহিত্য রাখার চেষ্টা করেছি। দ্বিতীয় সেমেস্টারে পঞ্চম গুচ্ছে আমরা পৃথকভাবে 'রবীন্দ্রসাহিত্য' নাম দিয়ে রবীন্দ্রনাথের উপন্যাস, নাটক ও কবিতা পাঠ্যতালিকাভুক্ত করেছি। সমকালীন রাজনীতি, স্বদেশী আন্দোলন, ব্রাহ্মসমাজ বনাম হিন্দুধর্মের বিরোধ বিষয়ে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা তৈরির জন্য গোরা উপন্যাসটি নির্বাচিত। যন্ত্রসভ্যতা ও কৃষি সভ্যতার দ্বন্দ্ব, মানুষের সূক্ষ্ম প্রবৃত্তিহীনতা আধুনিক সমাজে মানুষের লোভ ও তার পরিণতি বোঝানোর জন্য **রক্তকরবী** নাটক পাঠ্য করা হয়েছে আর কবি রবীন্দ্রনাথকে বোঝবার জন্য সঞ্চয়িতার কবিতা পাঠ্য তালিকায় স্থান পেয়েছে।

Skill Enhancement Course (SEC), CODE :BNGPSEC01M (**৫০ নম্বর), ক্রেডিট ০২**

১। বাংলা প্রুফ সংশোধন।

Course outcome :

ছাত্র-ছাত্রীদের গবেষণার কাজের সুবিধার জন্য, নিজস্ব লেখা ও গ্রন্থ প্রকাশের জন্য বাংলা প্রুফ সংশোধন শিক্ষা জরুরী। এছাড়া পত্রিকার সম্পাদনার ক্ষেত্রে এবং বিভিন্ন প্রকাশনা সংস্থায় কর্মসংস্থানেরও সুযোগ হতে পারে এই শিক্ষায়।

## তৃতীয় সেমেস্টার (সেশন ঃ জুলাই থেকে ডিসেম্বর)

## (পাঁচটি গুচ্ছ, প্রতি গুচ্ছ ৫০ × ৫) ২৫০ নম্বর, প্রতিটি গুচ্ছে ক্রেডিট ৪ = ২০ ক্রেডিট

## জেনেরিক ইলেক্টিভ কোর্স, নম্বর ৫০ ক্রেডিট ৪

[তৃতীয় ও চতুর্থ সেমেস্টারে ১। 'প্রাচীন এ মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ' (DSE-I) এবং ২। 'লোকসংস্কৃতি' (DSE-II) শিরোনামে মোট দুইটি বিশেষ পত্র (Department Specific Elective / DSE) পাঠ্যতালিকাভুক্ত হয়েছে, যার থেকে একটি বিশেষ পত্র (তৃতীয় সেমেস্টারে ৫০ + ৫০ = ১০০ নম্বর ও চতুর্থ সেমেস্টারে ৫০ + ৫০ = ১০০ ছাত্র-ছাত্রীকে নির্বাচন করতে হবে। তৃতীয় ও চতুর্থ সেমেস্টার মিলিয়ে ঐ একই বিশেষ পত্রে ছাত্র-ছাত্রীকে মোট ২০০ নম্বরের পাঠক্রম পড়তে হবে ]

১। বিশেষ পত্র ঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (DSE-I & II)

**গুচ্ছ** (COURSE), (DSE-I) : CODE : BNGPDSE01T, **বিশেষ পত্র ঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত পাঠ ৫০ নম্বর, ক্রেডিট ০৪**

১। জয়দেব রচিত **শ্রীশ্রীগীতগোবিন্দম্**।

২। মুকুন্দ চক্রবর্তী রচিত **চণ্ডীমঙ্গল**।

৩। বৃন্দাবন দাস রচিত **শ্রীশ্রীচৈতন্যভাগবত**।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সম্পাদিত শ্রীশ্রীগীতগোবিন্দম্ ২। সুকুমার সেন সম্পাদিত কবিকঙ্কণ-বিরচিত চণ্ডীমঙ্গল ৩। ক্ষুদিরাম দাস সম্পাদিত কবিকঙ্কণ চণ্ডী (১ম খণ্ড) ৪। বিজিতকুমার দত্ত সম্পাদিত কবিকঙ্কণ চণ্ডী ৫। মোহিনীমোহন সরদার ঃ কবিকঙ্কণ চণ্ডী ঃ বৈচিত্র্যের অনুসন্ধান ৬। বিশ্বনাথ রায় সম্পাদিত কবিকঙ্কণ মুকুন্দের চণ্ডীমঙ্গল বীক্ষা ও সমীক্ষা ৭। সুকুমার সেন সম্পাদিত বৃন্দাবন দাস রচিত চৈতন্যভাগবত ৮। বিষ্ণুপদ পাণ্ডা সম্পাদিত শ্রীশ্রীচৈতন্যভাগবত।

Course outcome :

তৃতীয় সেমেস্টার Departmental Specific Elective (DSE-I) কোর্সের প্রথমটিতে প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ রাখা হয়েছে। বিশেষ পত্র হিসাবে ছাত্র-ছাত্রীদের কাছে এই গুচ্ছের গুরুত্ব অপরিসীম। এই গুচ্ছের প্রথম এককে দ্বাদশ শতকের সংস্কৃত ভাষার বিখ্যাত কবি জয়দেব রচিত শ্রীশ্রীগীতগোবিন্দম্ কাব্য পাঠ্য

হিসাবে নির্বাচিত হয়েছে। সংস্কৃত ও ভাঙা বাংলায় রাধা-কৃষ্ণ বিষয়ক যে কাব্য জয়দেব লিখেছিলেন সেই কাব্যকে সামনে রেখে মধ্যযুগে অনেক কবিই কাব্যরচনা করেছেন। তাই বাংলা সাহিত্যে কবি জয়দেবের প্রভাব অস্বীকার করা যায় না। জয়দেবের কাব্য সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সম্যক ধারণা তৈরি করাই এই নির্বাচনের মূল লক্ষ্য। ষোড়শ শতকের বিখ্যাত কবি মুকুন্দ চক্রবর্তী তাঁর চণ্ডীমঙ্গল কাব্যে তৎকালীন সমাজের ইতিহাস, ভূগোল, জমি সেটেলমেন্টসহ নানান ঐতিহাসিক তথ্য প্রদান করে বিখ্যাত হয়েছেন। মঙ্গলকাব্যের পুরোধা কবি হিসাবেও তিনি এ যুগে বিশেষ সম্মানের অধিকারী। এমনই একজন কবির কাব্য যে বছর বছর ছাত্র-ছাত্রীদের াাগ্রহের বিষয়বস্তু হয়ে উঠবে তাতে কোনো সন্দেহ নেই। সেই নিরিখেই চণ্ডীমঙ্গল কাব্যকে আমরা পাঠ্যবিষয় হিসাবে নির্বাচন করেছি। আর চৈতন্য মহাপ্রভুকে নিয়ে যিনি প্রথম বাংলা ভাষায় জীবনী কাব্য লিখলেন, সেই বৃন্দাবন দাস ও তাঁর রচিত শ্রীশ্রীচৈতন্যভাগবত বাঙালি জাতি ও বাংলা ভাষার অমূল্য সম্পদ। এ সম্পর্কে ছাত্র-ছাত্রীর সম্যক থাকা বাঞ্ছনীয়। সেই মহৎ উদ্দেশ্য পূরণের লক্ষ্যে এই গ্রন্থ পাঠ্য তালিকাভুক্ত করা হয়েছে।

**গুচ্ছ** (COURSE), (DSE-II) : CODE : BNGPDSE02T, **বিশেষ পত্র ঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ ৫০ নম্বর, ক্রেডিট ০৪**

১। **বৈষ্ণব পদাবলী** (চণ্ডীদাস, বিদ্যাপতি, জ্ঞানদাস, গোবিন্দ দাস-নির্বাচিত পদ)।

২। দীনেশচন্দ্র সেন সম্পাদিত **মৈমনসিংহ গীতিকা** (নির্বাচিত পালা)।

৩। বিপ্রদাস পিপিলাই রচিত **মনসামঙ্গল**।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। নগেন্দ্রনাথ গুপ্ত সম্পাদিত বিদ্যাপতি পদাবলী ২। বিমানবিহারী মজুমদার সম্পাদিত চণ্ডীদাসের পদাবলী ৪। সতীশচন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত গোবিন্দদাস পদাবলী ৫। সতীশচন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত জ্ঞানদাস পদাবলী ৬। দীনেশচন্দ্র সেন সম্পাদিত মৈমনসিংহ গীতিকা ৭। অচিন্ত্য বিশ্বাস সম্পাদিত বিপ্রদাস পিপিলাইয়ের মনসামঙ্গল ৮। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস।

Course outcome :

তৃতীয় সেমেস্টার (DSE-II) দ্বিতীয় গুচ্ছের তিনটি এককে যথাক্রমে বৈষ্ণব পদাবলী, মৈমনসিংহ গীতিকা ও মনসামঙ্গল কাব্য তিনটি গ্রন্থ পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। রাধা-কৃষ্ণকে পাত্র-পাত্রী নির্বাচন করে পঞ্চদশ শতক থেকে অষ্টাদশ শতক পর্যন্ত দীর্ঘ সময় ধরে খ্যাত-অখ্যাত বিভিন্ন কবি নারী-পুরুষের মনস্তত্ত্ব নিয়ে ভিন্ন ভিন্ন পর্যায়ের পদ রচনা করেছেন। এই সব পদগুলি একাধারে বিষ্ণু দেবতার উপাসনার পদ হিসাবে যেমন বিখ্যাত হয়েছে তেমনি আবার নর-নারীর প্রেম-প্রণয় উপখ্যানের পদ হিসাবেও গুরুত্ব পেয়েছে। সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে বৈষ্ণব পদাবলী পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। ইসলাম ধর্মাবলম্বী মানুষজন নিজেদের মনোরঞ্জনের জন্য নর-নারীর প্রেম-প্রণয়ের যে গাথা অবসর সময়ে অভিনয় করে নিজেদের মনকে তৃপ্ত করে এসেছেন, জাতিভেদ প্রথা, শাসকের অত্যাচার, সময়ের **দাবীকে** অতিক্রম করে নর-নারীর প্রেমের যে জয়গান তাঁরা প্রচার করেছেন, সে সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার জন্য **মৈমনসিংহ গীতিকা** পাঠ্য করা হয়েছে। আর সাপের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য সর্পদেবী মনসার পূজা বাঙালি জীবনে প্রভাব বিস্তার করেছে, বাংলার সমাজ যে এককালে 'বাণিজ্যে বসতে লক্ষ্মী' এই প্রবাদে ভর করে সমৃদ্ধশালী হয়েছে সে সম্পর্কে ছাত্র-ছাত্রীদের

জ্ঞানবৃদ্ধির লক্ষ্যে মনসামঙ্গল কাব্য পাঠ্য করা হয়েছে। তবে কবি বিপ্রদাস পিপিলাই-এর কাব্য নির্বাচিত হয়েছে কেন? এই প্রশ্নের উত্তরে বলা যায়, উত্তর চব্বিশ পরগণায় অবস্থিত বিশ্ববিদ্যালয়ের পাঠ্যতালিকায় উত্তর চব্বিশ পরগণার কবি স্থান পাবেন না তা হতে পারে না। স্থান-কাল ও স্থানীয় প্রভাবের কথা মাথায় রেখে বিপ্রদাস পিপিলাই-এর কাব্য পাঠ্যতালিকাভুক্ত করা হয়েছে।

২। বিশেষ পত্র ঃ লোকসংস্কৃতি (FOLKLORE), DSE-I & II

**গুচ্ছ** (COURSE), (DSE-I) : CODE : BNGPDSE01T, **বিশেষ পত্র ঃ লোকসংস্কৃতি (লোকসংস্কৃতি** FOLKLORE) **সম্পর্কে ধারণা, ৫০ নম্বর, ক্রেডিট ০৪**

১। 'ফোকলোর' শব্দটির বঙ্গীয় প্রতিশব্দ কেন্দ্রিক বিতর্ক।

২। লোকসংস্কৃতির সংজ্ঞা, স্বরূপ, বৈশিষ্ট্য।

৩। পরিশীলিত সংস্কৃতি বনাম লোকসংস্কৃতি।

৪। লোকসংস্কৃতির বিষয় বিভাজন।

৫। লোকসংস্কৃতির প্রাথমিক উপাদান, Taboo, Totem, Mana, Magic, Religional

৬। লোকসংস্কৃতি চর্চার ইতিহাস ও উপযোগিতা।

৭। লোকসংস্কৃতির দর্শন।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলার সংস্কৃতি ২। ওয়াকিল আহমেদ ঃ বাংলার লোক সংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিক ঃ বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদার ঃ বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দে ঃ বাংলা প্রবাদ ৭। ভবতারণ দত্ত ঃ বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তী ঃ বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র / বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস / লোকসংস্কৃতি ঃ নানা প্রসঙ্গ।

Course outcome :

তৃতীয় সেমেস্টার Departmental Specific Elective (DSE-I) কোর্সের দ্বিতীয়টিতে লোকসংস্কৃতি পাঠ্য তালিকায় স্থান পেয়েছে। এই গুচ্ছে মোট সাতটি এককে বিশেষ পত্র লোকসংস্কৃতির সংজ্ঞা, স্বরূপ, পরিশীলিত সংস্কৃতির সঙ্গে লোকসংস্কৃতির সম্পর্ক ও তার উপাদান বিষয়ে ছাত্র-ছাত্রীদের অবহিত করার চেষ্টা করা হয়েছে। সেই সঙ্গে লোকসংস্কৃতি চর্চার ইতিহাস ও তার দর্শন বিষয়েও ছাত্র-ছাত্রীদের জ্ঞান যাতে বৃদ্ধি পায় তার জন্য সচেতনতা অবলম্বন করা হয়েছে।

**গুচ্ছ** (COURSE), (DSE-II) : CODE : BNGPDSE02T, **বিশেষ পত্র ঃ লোকসংস্কৃতি (লোকসংস্কৃতি সম্পর্কিত তত্ত্ব ও পদ্ধতি বিদ্যা পাঠ), নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। পদ্ধতিবিদ্যার গুরুত্ব ও সীমাবদ্ধতা।

২। Type Merit Index ।

৩। ঐতিহাসিক ও ভৌগোলিক পদ্ধতি ও ঐতিহাসিক বস্তুবাদী পদ্ধতি।

৪। জাতীয়তাবাদী, মনঃসমীক্ষণ ও তুলনামূলক পদ্ধতি।

৫। নৃতাত্ত্বিক পদ্ধতি।

৬। Contextual Method ।

৭। Meta Folklore, Text, Context & texture of Folklore ।

৮। ক্ষেত্রসমীক্ষা সম্পর্কিত শ্রেণিকক্ষনির্ভর আলোচনা।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদ ঃ বাংলার লোক সংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিক ঃ বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদার ঃ বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দে ঃ বাংলা প্রবাদ ৭। ভবতারণ দত্ত ঃ বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তী ঃ বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র / বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস / লোকসংস্কৃতি ঃ নানা প্রসঙ্গ।

Course outcome :

তৃতীয় সেমেস্টার (DSE-II) দ্বিতীয় গুচ্ছের বিশেষ পত্র লোকসংস্কৃতির পাঠক্রমে মোট আটটি এককে বিভিন্ন পদ্ধতি ও লোকসংস্কৃতির সম্পর্ক দেখানো হয়েছে, যাতে ছাত্র-ছাত্রীরা লোকসংস্কৃতির সঙ্গে অন্যান্য পরিশীলিত সংস্কৃতির খুব সহজেই অনুধাবন করতে পারে। এই গুচ্ছে শ্রেণিকক্ষনির্ভর ক্ষেত্র সমীক্ষাও রাখা হয়েছে।

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR11T, **সাহিত্যতত্ত্ব পাঠ, নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। ভারতীয় অলংকার তত্ত্ব ঃ অলংকার, রীতি, বক্রোক্তি, ঔচিত্য, ধ্বনি, রস।

২। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সাহিত্যের পথে।

৩। পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সমালোচনাতত্ত্ব ঃ

অ ঃ আরিস্টটল রচিত কাব্যতত্ত্ব

আ ঃ রোমান্টিসিজম, পোস্টমর্ডানিজম্, রিয়ালিজম, নারীচেতনাবাদ, সাহিত্যের নিম্নবর্গ চেতনা, ন্যাচারালিজম, সুররিয়ালিজম্, স্ট্রাক্চারালিজম্।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। গঙ্গাসাগর রায় ঃ কাব্যমীমাংসা ২। সুধীরকুমার দাশগুপ্ত ঃ কাব্যলোক ৩। বিষ্ণুপদ ভট্টাচার্য ঃ কাব্যমীমাংসা ৪। অতুলচন্দ্র গুপ্ত ঃ কাব্যজিজ্ঞাসা ৫। করুণাসিন্ধু দাস ঃ কাব্যজিজ্ঞাসার রূপরেখা ৬। দুর্গাশঙ্কর মুখোপাধ্যায় ঃ কাব্যতত্ত্ববিচার ৭। বিমলকুমার মুখোপাধ্যায় ঃ দর্পণে প্রতিবিম্ব / সাহিত্যবিবেক / সাহিত্যের মাত্রা-দ্বান্দ্বিক সূত্র / সাহিত্যবিচার ঃ তত্ত্ব ও প্রয়োগ ৮। শিশিরকুমার দাশ ঃ কাব্যতত্ত্ব আরিস্টটল ৯। সাধনকুমার ভট্টাচার্য ঃ এরিস্টটলের পোয়েটিক্স্ ও সাহিত্যতত্ত্ব ১০। Ingram

Bywater : Aristotle on the Art of Poetry. ১১। S. II, Butcher : Aristotle's Theory of Poetry and Fine Art. ১২। নবেন্দু সেন সম্পাদিত ঃ পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সাহিত্যভাবনা।

Course outcome :

তৃতীয় সেমেস্টার তৃতীয় গুচ্ছে প্রাচ্য ও পাশ্চাত্ত্য সাহিত্যতত্ত্ব সম্পর্কে সম্যক জ্ঞান বৃদ্ধির জন্য উপরিউক্ত বিষয়গুলি পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে। কাব্য বিচারে অলংকার রীতি বক্রোক্তি ধ্বনি রসের গুরুত্ব ও তার বিচার পদ্ধতি যেমন ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরার প্রয়াস করা হয়েছে, তেমনই রবীন্দ্রনাথের সাহিত্যবিচার পদ্ধতি ও তার মতামত সম্বন্ধেও ছাত্র-ছাত্রীদের অবহিত করার লক্ষ্যে সাহিত্যের পথে গ্রন্থটি পাঠ্য করা হয়েছে ; অন্যদিকে পাশ্চাত্ত্য সাহিত্য বিচার পদ্ধতি সম্পর্কে জ্ঞান বৃদ্ধির জন্য একাধারে আরিস্টটলের কাব্যতত্ত্ব ও আধুনিক সাহিত্য বিচার পদ্ধতি পাঠ্যবিষয়ভুক্ত হয়েছে। সাম্প্রতিককালে সাহিত্য বিচারের দৃষ্টিভঙ্গিগুলি ও তার পদ্ধতিগুলি ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরে সাহিত্য বিচার সম্পর্কে তাদের জ্ঞানকে পূর্ণতা দেওয়ার লক্ষ্যে এই গুচ্ছের পাঠ্যপুস্তকগুলি নির্বাচিত হয়েছে।

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR12T, **বাংলা নাটক পাঠ (উনিশ শতক), নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর রচিত অলীকবাবু।

২। দীনবন্ধু মিত্র রচিত বিসর্জন।

৩। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বিসর্জন।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস ২। অজিতকুমার ঘোষ ঃ বাংলা নাটকের ইতিহাস ৩। আবু সয়ীদ আইয়ুব ঃ আধুনিকতা ও রবীন্দ্রনাথ ৪। শঙ্খ ঘোষ ঃ কালের মাত্রা ও রবীন্দ্রনাটক ৫। সুরেশচন্দ্র মৈত্র ঃ বাংলা নাটকের বিবর্তন।

Course outcome :

বাংলা নাটকের ধারা বেশ শক্তিশালী। নানান ঘাত-প্রতিঘাতে তার মোড় ফেরার ইতিহাস ছাত্র-ছাত্রীদের অজানা নয়। এই গুচ্ছে উনিশ শতকের তেমনি তিনটি উল্লেখযোগ্য নাটক নির্বাচন করে আমরা উনিশ শতকের প্রহসন, নীলচাষীদের আত্মরক্ষার লড়াই ও নীলকর সাহেবদের অত্যাচার এবং বলি প্রথার কুফল ও মানুষের অন্ধ বিশ্বাস সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করতে চেয়েছি।

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR13T, **বাংলা নাটক পাঠ (বিশ শতক), নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। দ্বিজেন্দ্রলাল রায় রচিত **সাজাহান**।

২। বাদল সরকার রচিত এবং **ইন্দ্রজিৎ**।

৩। শাঁওলী মিত্র রচিত **নাথবতী অনাথবৎ**।

**সহায়ক গ্রন্থ ঃ**

Course outcome :

তৃতীয় সেমেস্টার পঞ্চম গুচ্ছে বিশ শতকের বাংলা নাটক সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করার জন্য এই শতকের বিখ্যাত তিনটি নাটককে পাঠ্যবিষয়ভুক্ত করা হয়েছে। দ্বিজেন্দ্রলাল রায় রচিত **সাজাহান** শুধু বিখ্যাত ঐতিহাসিক নাটক নয়, এতে একাধারে সেকালের সমাজ-ইতিহাসকে তুলে ধরার প্রয়াস যেমন আছে, তেমনি এর ভাষা ব্যবহার ও সংলাপ রচনায় নাট্যকারের দক্ষতাও আছে। এই সমস্ত বিষয়ে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করাই এই নির্বাচনের মূল লক্ষ্য। বাংলা নাট্যসাহিত্যে উদ্ভট নাটক লিখে যিনি বিখ্যাত হয়েছেন সেই বাদল সরকার-এর বিখ্যাত **এবং ইন্দ্রজিৎ** পাঠ্য করে বিষয়টি সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণা স্পষ্ট করার প্রয়াস করা হয়েছে। আর আধুনিক পুনর্নির্মাণ নাটকের রূপ ও স্বরূপ বোঝানোর উদ্দেশ্যে মহাভারতের কাহিনী নিয়ে রচিত নাথবতী অনাথবৎ নাটকটির নির্বাচন।

**জেনেরিক ইলেক্টিভ কোর্স** ( GENERIC ELECTIVE COURSE), CODE : BNGPGEC01T, **৫০ নম্বর, ক্রেডিট ০৪**

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত ঃ **কমলাকান্তের দপ্তর** (নির্বাচিত প্রবন্ধ)।

২। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ঃ **শেষের কবিতা**।

৩। সাহিত্য আকাদেমি প্রকাশিত **বাংলা গল্প সংকলন** (১ম, ২য়,৩য়,৪র্থ খণ্ড) উনিশ ও বিশ শতকের নির্বাচিত গল্প।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপ্যাধ্যায় ও সজনীকান্ত দাস সম্পাদিত কমলাকান্তের দপ্তর ২। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত শেষের কবিতা ৩। সাহিত্য অকাদেমি প্রকাশিত বাংলা গল্প সংকলন।

Course outcome :

জেনেরিক ইলেক্টিভ কোর্স সাধারণত যারা বাংলা ভাষা ও সাহিত্যের ছাত্র-ছাত্রী নয় তাদের জন্য। যারা অন্য বিষয়ের ছাত্র-ছাত্রী অথচ বাংলা ভাষা ও সাহিত্যের চর্চায় আগ্রহী তাদের কথা ভেবেই এই পাঠ্যসূচীর পরিকল্পনা। এই গুচ্ছে মোট তিনটি এককে বাংলা প্রবন্ধ, বাংলা উপন্যাস এবং বাংলা ছোটগল্প হিসাবে নির্বাচিত হয়েছে। এই পাঠক্রমে ছাত্র-ছাত্রীদের আগ্রহ ও পাঠ্যাকর্ষণ যাতে বৃদ্ধি পায় এবং বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কে ছাত্র-ছাত্রীদের জ্ঞান যাতে বৃদ্ধি পায় সে কথা ভেবে এমন ব্যক্তিগত প্রবন্ধ, কাব্যধর্মী উপন্যাস এবং উনিশ ও বিশ শতকের বাংলা ছোটগল্প পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে।

## চতুর্থ সেমেস্টার (সেশন ঃ জানুয়ারি থেকে জুন)

### (পাঁচটি গুচ্ছ ঃ মোট ৩০০ নম্বর, মোট ক্রেডিট ২৪)

প্রথম চারটি গুচ্ছের প্রতিটিতে ৫০ নম্বর এবং পাঁচ নম্বর গুচ্ছের নম্বর ১০০ = মোট ৩০০ নম্বর
প্রথম চারটি গুচ্ছের প্রতিটিতে ৪ ক্রেডিট এবং পাঁচ নম্বরগুচ্ছের ক্রেডিট ৮ = মোট ২০ ক্রেডিট

১। বিশেষ পত্র ঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (DSE-III & IV)

**গুচ্ছ** (COURSE), (DSE-III) : CODE : BNGPDSE03T, **বিশেষ পত্র ঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ, ৫০ নম্বর, ক্রেডিট ০৪**

১। কৃত্তিবাস অনূদিত রামায়ণ, (নির্বাচিত অংশ)।

২। ঘনরাম চক্রবর্তী রচিত ধর্মমঙ্গল।

৩। রামেশ্বর ভট্টাচার্য রচিত শিবায়ন।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। সুখময় মুখোপাধ্যায় সম্পাদিত রামায়ণ ২। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সম্পাদিত রামায়ণ ৩। বসুমতী কর্পোরেশন লিমিটেড প্রকাশিত রামায়ণ ৪। পীযূষকান্তি মহাপাত্র সম্পাদিত ঘনরাম চক্রবর্তী - বিরচিত শ্রীধর্ম্মমঙ্গল ৫। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস ৬। পঞ্চানন চক্রবর্তী সম্পাদিত রামেশ্বর রচনাবলী।

Course outcome :

চতুর্থ সেমেস্টার Departmental Specific Elective (DSE-III) কোর্সের প্রথমগুচ্ছে বিশেষ পত্র প্রাগাধুনিক বাংলা সাহিত্য পাঠ - এ রামায়ণের অনুবাদ, ধর্মমঙ্গল ও শিবায়ন কাব্য পাঠ্য করে একাধারে অনুবাদ ও মঙ্গলকাব্য সম্পর্কে ছাত্র-ছাত্রীর জ্ঞানকে পরিপূর্ণতা দেওয়ার চেষ্টা করা হয়েছে। কৃত্তিবাসী রামায়ণ বাঙালির প্রাণের সম্পদ, বাঙালি জাতির জীবন ও বাঙালি সংস্কৃত কেমন করে সমাজকে প্রভাবিত করেছিল, সে সম্পর্কে ছাত্র-ছাত্রীর জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে এই গ্রন্থটির নির্বাচন। আবার রাঢ় অঞ্চলের জনজীবন, ডোম সমাজের যুদ্ধ ও জীবনযাপন ইত্যাদি বোঝানোর লক্ষ্যে একমাত্র পুরুষ প্রধান মঙ্গলকাব্য ধর্মমঙ্গল পাঠ্য করা হয়েছে। আর সপ্তদশ শতকে বাংলার সমাজে কৃষিব্যবস্থার বাড়বাড়ন্তভাব ও তাকে কেন্দ্র করে বাঙালি পরিবারে উন্নতি ও কলহের স্বরূপটি ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরবার জন্য শিবায়ন কাব্যকে পাঠ্য করা হয়েছে।

**গুচ্ছ** (COURSE), (DSE-IV) : CODE : BNGPDSE04T, **বিশেষ পত্র ঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ, ৫০ নম্বর, ক্রেডিট ০৪**

১। আলাওল রচিত পদ্মাবতী কাব্য।

২। কাশিদাসী মহাভারত, (নির্বাচিত অংশ)।

৩। ভারতচন্দ্র রচিত অন্নদামঙ্গল কাব্য, (নির্বাচিত অংশ)।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত পদ্মাবতী (২য় কণ্ড) ২। দেবনাথ বন্দ্যোপাধ্যায় ঃ রাজসভার কবি ও কাব্য ৩। আবদুল করিম মুহম্মদ্ এনামুল্ হক ঃ আরাকান রাজসভার বাঙ্গালা সাহিত্য ৪। দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত কাশীদাসী মহাভারত ৫। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও সজনীকান্ত দাস সম্পাদিত ভারতচন্দ্র গ্রন্থাবলী।

Course outcome :

চতুর্থ সেমেস্টার Departmental Specific Elective (DSE-IV) কোর্সের দ্বিতীয় গুচ্ছে ইসলাম ধর্মাবলম্বী কবির অনূদিত পদ্মাবতী কাব্য নির্বাচন করে সুফী দর্ম ও ইসলামী সংস্কৃতির স্বরূপটি ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। রামায়ণের মতো মহাভারতও যে বাঙালি জাতীর প্রাণের সম্পদ সে বিষয়ে কোনো সন্দেহ নেই। বিভিন্ন নীতি শিক্ষা, ধর্ম শিক্ষা ও প্রাচীন ভারতের বাঙালি পরিবার ও তাদের পারিবারিক দ্বন্দ্বের ফলে ধ্বংশ এই সমস্ত বিষয়ে সম্যক জ্ঞান বৃদ্ধির জন্য মহাভারতের অনুবাদ পাঠ্য করা হয়েছে। আর অষ্টাদশ শতকে কবি ভারতচন্দ্র সমাজ বাস্তবতার যে স্বাক্ষর তাঁর কাব্যে রেখেছেন, সে সম্পর্কে ছাত্র-ছাত্রীর সম্যক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে অন্নদামঙ্গল কাব্য পাঠ্যতালিকাভুক্ত হয়েছে।

২। বিশেষ পত্র ঃ লোকসংস্কৃতি (FOLKLORE), DSE-III & IV

**গুচ্ছ** (COURSE), DSE-III : CODE : BNGPDSE03T, **বিশেষ পত্র ঃ লোকসংস্কৃতি ( লোকসংস্কৃতি ও বিভিন্ন বিদ্যা শৃঙ্খলা পাঠ, ৫০ নম্বর, ক্রেডিট ০৪**

**ক-বিভাগ ঃ বিভিন্ন বিদ্যার সঙ্গে লোকসংস্কৃতির সম্পর্ক নির্ণয়।**

১। ভূগোল ও লোকসংস্কৃতি ২। ইতিহাস ও লোকসংস্কৃতি ৩। গণিত ও লোকসংস্কৃতি
৪। সমাজবিদ্যা ও লোকসংস্কৃতি ৫। সমাজবিদ্যা ও লোকসংস্কৃতি ৬। সাহিত্য ও লোকসংস্কৃতি
৭। নৃতত্ত্ব ও লোকসংস্কৃতি ৮। ভাষাতত্ত্ব ও লোকসংস্কৃতি ।

**খ-বিভাগ ঃ লোকসংস্কৃতি চর্চায় উল্লেখযোগ্য ব্যক্তিত্ব সম্পর্কিত আলোচনা।**

১। দীনেশচন্দ্র সেন ২। রবীন্দ্রনাথ ঠাকুর ৩। জে. ডি. অ্যাণ্ডারসন ৪। জি. এ. গ্রিয়ারসন
৫। গুরুসদয় দত্ত ৬। অবনীন্দ্রনাথ ঠাকুর ৭। আশুতোষ মুখোপাধ্যায় ৮। আশুতোষ ভট্টাচার্য।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদ ঃ বাংলার লোকসংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিক ঃ বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদার ঃ বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দে ঃ বাংলা প্রবাদ ৭। ভরতারণ দত্ত ঃ বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তী ঃ বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র/ বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস / লোকসংস্কৃতি ঃ নানা প্রসঙ্গ।

Course outcome :

চতুর্থ সেমেস্টার Departmental Specific Elective (DSE-III) কোর্সের প্রথমগুচ্ছ বিশেষ পত্র লোকসংস্কৃতির দুটি এককে (প্রথমটিতে ৭টি এবং দ্বিতীয়টিতে ৮টি উপএককে) যথাক্রমে বিভিন্ন বিষয়ের সঙ্গে লোকসংস্কৃতির সম্পর্ক দেখানো হয়েছে ও লোকসংস্কৃতি চর্চায় যাঁরা বিশেষ অবদান রেখেছেন তাঁদের সম্পর্কে ছাত্র-ছাত্রীর স্পষ্ট ধারণা তৈরি করার চেষ্টা করা হয়েছে।

**গুচ্ছ** (COURSE), DSE-IV : CODE : BNGPDSE04T ৪, ২, **বিশেষ পত্র ঃ লোকসংস্কৃতি (বঙ্গীয় লোকসাহিত্য ও সংস্কৃতি পাঠ), নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। ছড়া, ধাঁধা, প্রবাদ, লোককথা সম্পর্কিত আলোচনা, কমপক্ষে ১০ ঘন্টা প্রত্যক্ষ পাঠদান করতে হবে।
২। লোকনৃত্য সম্পর্কিত আলোচনা (রণ পা, ছৌ, ঢালি নাচ, রায় বেঁশে কাঠি নাচ, পাতা নাচ)।
৩। লোকশিল্প সম্পর্কিত আলোচনা (বাঁশ, বেত, পাট, রেশম, লাক্ষা বা গালা।
৪। লোকনাট্য সম্পর্কিত আলোচনা (আলকাপ, বোলান, গম্ভীরা, কুশান, লেটো)।
৫। লোকসঙ্গীত সম্পর্কিত আলোচনা (টুসু, ভাদু, ঝুমুর, ভাটিয়ালী, ভাওয়াইয়া ওবং নির্বাচিত গীতিকা)।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদ ঃ বাংলার লোকসংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্য ঃ বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিক ঃ বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদার ঃ বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দে ঃ বাংলা প্রবাদ ৭। ভরতারণ দত্ত ঃ বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তী ঃ বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র/ বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস / লোকসংস্কৃতি ঃ নানা প্রসঙ্গ।

Course outcome :

চতুর্থ সেমেস্টার Departmental Specific Elective (DSE-IV) কোর্সের দ্বিতীয় গুচ্ছ বিশেষ পত্র লোকসংস্কৃতিতে লোকসাহিত্যের বিভিন্ন ধারার নির্বাচিত অংশ পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। এই গুচ্ছে মূলত ছড়া, ধাঁধা, প্রবাদ, লোকশিল্প, লোকনৃত্য, লোকনাট্য, লোকসঙ্গীত পাঠ্যতালিকাভুক্ত করে লোকসাহিত্য বিষয়ে ছাত্র-ছাত্রীর জ্ঞানকে স্পষ্ট ও তাদের আগ্রহকে বিশেষভাবে উদ্দীপিত করার চেষ্টা করা হয়েছে।

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR14T, **বাংলা প্রবন্ধ সাহিত্য পাঠ (উনিশ ও বিশ শতক), নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত **লোকরহস্য** (নির্বাচিত প্রবন্ধ)।
২। স্বামী বিবেকানন্দ রচিত **প্রাচ্য ও পাশ্চাত্য**।
৩। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **বিচিত্র প্রবন্ধ**।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। বঙ্কিমচন্দ্র রচনাবলী ৩য় খণ্ড (পশ্চিমবঙ্গ সরকার) ২। স্বামী বিবেকানন্দ ঃ প্রাচ্য ও পাশ্চাত্য। ৩। রবীন্দ্রনাথ ঠাকুর ঃ বিচিত্র প্রবন্ধ।

Course outcome :

চতুর্থ সেমেস্টার তৃতীয় গুচ্ছে উনিশ ও বিশ শতকের প্রবন্ধ পাঠ্য বিষয় হেসাবে নির্বাচন করা হয়েছে। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের ভাষাশৈলী ও জীবনদর্শন বোঝাতে সুখপাঠ্য গ্রন্থ লোকরহস্য পাঠ্য বিষয় করা হয়েছে। আবার বিশ শতকের বাংলা গদ্য রচনার ধারা বোঝাতে স্বামী বিবেকানন্দের প্রাচ্য ও পাশ্চাত্য গ্রন্থটি নির্বাচিত হয়েছে। আর বিভিন্ন বিষয়ে রবীন্দ্রনাথের সুচিন্তিত বক্তব্য ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধরার অভিপ্রায়ে বিচিত্রপ্রবন্ধ গ্রন্থটির নির্বাচন করা হয়েছে।

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR15T, **প্রতিবেশি সাহিত্য পাঠ, নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। অসমিয়া উপন্যাস ঃ মামনী রয়সম গোস্বামী (ইন্দিরা গোস্বামী) রচিত **ছিন্নমস্তার মানুষহো** (বাংলা অনুবাদ ঃ মুক্তি চৌধুরী ঃ **ছিন্নমস্তার মানুষটি**, প্রকাশক - এবং মুশায়েরা)।

২। হিন্দী নাটক ঃ মোহন রাকেশ রচিত **আধে-আধুরে** (বাংলা অনুবাদ - শমীক বন্দ্যোপাধ্যায় ও প্রতিভা অগ্রবাল, **আধে-আধুরে**, প্রকাশক - ন্যাশনাল বুক ট্রাস্ট)

৩। প্রতিবেশি ছোটগল্প ঃ রামকুমার মুখোপাধ্যায় সম্পাদিত ঃ **ভারতজোড়া গল্পগাঁথা** (নির্বাচিত ছোটগল্প) প্রকাশক - মিত্র ও ঘোষ।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। মুক্তি চৌধুরী ঃ ছিন্নমস্তার মানুষটি  ২। সমীক বন্দ্যোপাধ্যায় ও প্রতিভা অগ্রবাল ঃ আধে-আধুরে
৩। রামকুমার মুখোপাধ্যায় ঃ ভারতজোড়া গল্পগাঁথা।

Course outcome :

পশ্চিমবঙ্গের বাইরে বাংলা ভাষা ও সাহিত্যের চর্চা দীর্ঘদিনের। পশ্চিমবঙ্গের প্রতিবেশি রাজ্যগুলিতেও এই চর্চা আছে। সেখানকার সাহিত্যিকদের হাতেও উন্নততর সাহিত্য সৃষ্টি হয়েছে, যা বাংলা ভাষা ও সাহিত্যকে সমৃদ্ধ করার পক্ষে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে দার্ঘদিন ধরে। কিন্তু সেই সমস্ত সাহিত্যের চর্চা অধিকাংশ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচীর বহির্ভূত থেকে গেছে। ফলে পশ্চিমবঙ্গের বাংলা ভাষা ও সাহিত্যের ছাত্র-ছাত্রীদের কাছে এই সব সাহিত্যের ও তাদের রচয়িতাদের কোনো খোঁজ নেই বললেই চলে। বর্তমান পাঠ্যসূচীতে আমরা সেই অভাব পূরণের প্রয়াস করেছি। প্রতিবেশি সাহিত্য পাঠ শিরোনামে আমরা অসমিয়া উপন্যাস, হিন্দী নাটক ও ওড়িয়া, সাঁওতালী, ঝারখণ্ডী প্রভৃতি ভাষায় রচিত প্রতিবেশি ছোটগল্প পাঠ্য বিষয় হিসাবে নির্বাচন করেছি, যাতে প্রতিবেশি বাংলা সাহিত্য সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণা তৈরি হয় ও তাদের জ্ঞানের পরিধি বৃদ্ধি পায়।

**গুচ্ছ** (COURSE), CODE : BNGPCOR16M, **গবেষণা পত্র রচনা** (Dissertation), **১০০, ক্রেডিট ০৮**

১। গবেষণা সংক্রান্ত নিয়মাবলীর (Methodology) আলোচনা।

২। সারাৎসার রচনা (Synopsis) ।

৩। সংক্ষিপ্তসার রচনা (Disseration) ।

এই গুচ্ছে প্রথমে ১০০০-১৫০০ শব্দের মধ্যে যে কোনো একটি বাংলা বিষয়ে গবেষণা পত্রের সারাৎসার

(Mini thesis or Dissertation) প্রস্তুত করতে হবে, অতপর ৩০০০-৩৫০০ শব্দের মধ্যে প্রস্তাবিত সারাৎসারের বক্তব্যটিকে সংক্ষিপ্তসার আকারে (Mini thesis or Dissertation) প্রতিষ্ঠিত করতে হবে। বিষয় নির্বাচনে ছাত্র-ছাত্রীদের নিজস্বতা ও স্বাতন্ত্র্য থাকা বাঞ্ছনীয়।

Course outcome :

উচ্চতর বিদ্যাশিক্ষায় ছাত্র-ছাত্রীদের প্রতিষ্ঠিত করার জন্য, বাংলা সাহিত্য বিষয়ে গবেষণা পদ্ধতি ও প্রকরণ শিক্ষার জন্য, গবেষণার তত্ত্ব (Methodology) সংক্রান্ত ধারণা তৈরি করার জন্য এই গুচ্ছের অবতারণা।

## পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় এর স্নাতকোত্তর বাংলা পাঠ পর্ষদ দ্বারা স্নাতকোত্তর তৃতীয় ও চতুর্থ সেমেস্টারের বিশেষ পত্র, 'বাংলা কথাসাহিত্য পাঠ' এর জন্য প্রস্তাবিত পাঠক্রম

### তৃতীয় সেমেস্টার (সেশন ঃ জুলাই থেকে ডিসেম্বর)

**পাঁচটি গুচ্ছ, প্রতি গুচ্ছ (৫০ × ৫) = ২৫০ নম্বর, প্রতিটি গুচ্ছে ক্রেডিট (৪ × ৫) = ২০**

**জেনেরিক ইলেক্টিভ কোর্স, ৫০ নম্বর, ক্রেডিট ৪**

[তৃতীয় ও চতুর্থ সেমেস্টারে ১। 'প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ' (DSE-I), ২। 'লোকসংস্কৃতি' (DSE-II) ৩। 'বাংলা কথাসাহিত্য পাঠ' (DSE-III) শিরোনামে মোট তিনটি বিশেষ পত্র (Departmental Specific Elective / DSE) পাঠ্যতালিকাভুক্ত হয়েছে, যার থেকে একটি বিশেষ পত্র (তৃতীয় সেমেস্টারে ৫০ + ৫০ = ১০০ নম্বর ও চতুর্থ সেমেস্টারে ৫০ + ৫০ = ১০০) নম্বর ছাত্র-ছাত্রীকে নির্বাচন করতে হবে। তৃতীয় ও চতুর্থ সেমেস্টার মিলিয়ে ঐ একই বিশেষ পত্রে ছাত্র-ছাত্রীকে মোট ২০০ নম্বরের পাঠক্রম পড়তে হবে।]

১) বিশেষ পত্র ঃ বাংলা কথাসাহিত্য পাঠ (DSE-III)

**গুচ্ছ ঃ** (COURSE), ৩.১ (DSE-III) **বিশেষ পত্র ঃ বাংলা কথাসাহিত্য পাঠ, নম্বর ৫০,ক্রেডিট ০৪**

৩.১.১। উপন্যাসের তত্ত্ব ও শৈলী সম্পর্কিত সাধারণ ধারণা, উপন্যাসের উদ্ভবের সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস।

৩.১.২। উনিশ শতকের উপন্যাস (যে কোনো একটি উপন্যাস পাঠ্য)

রমেশচন্দ্র দত্ত রচিত **'মহারাষ্ট্র জীবন প্রভাত'** / তারকনাথ গঙ্গোপাধ্যায় রচিত **'স্বর্ণলতা'** / স্বর্ণকুমারী দেবী রচিত **'কাহাকে'**।

৩.১.৩। বিশ শতকের উপন্যাস (যে কোনো একটি উপন্যাস পাঠ্য)

ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায় রচিত **'অন্তঃশীলা'** / বুদ্ধদেব বসু রচিত **'তিথিডোর'** / গোপাল হালদার রচিত **'একদা'**।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় ঃ বঙ্গ সাহিত্যে উপন্যাসের ধারা ২। ক্ষেত্রগুপ্ত ঃ বাংলা উপন্যাসের ইতিহাস ৩। সরোজ বন্দ্যোপাধ্যায় ঃ বাংলা উপন্যাসের কালান্তর ৪। দেবেশ রায় ঃ উপন্যাস নিয়ে

৫। দেবীপদ ভট্টাচার্য ঃ উপন্যাসের কথা  ৬। শ্রীশচন্দ্র দাশ ঃ সাহিত্য সন্দর্শন  ৭। উজ্জ্বলকুমার মজুমদার ঃ সাহিত্য ও সমালোচনার রূপরীতি  ৮। অপূর্ব কুমার রায় ঃ সাহিত্য রূপবিচিত্রা  ৯। কুন্তল চট্টোপাধ্যায় ঃ সাহিত্যের রূপরীতি ও অন্যান্য প্রসঙ্গ  ১০। অলোক রায় ঃ সাহিত্য কোষ কথাসাহিত্য  ১১। গোপিকানাথ রায় চৌধুরী ঃ দুই বিশ্বযুদ্ধ মধ্যবর্তীকালীন কথাসাহিত্য  ১২। অরুণকুমার মুখোপাধ্যায় ঃ বাংলা উপন্যাসের রূপ ও রীতির পালাবদল  ১৩। আনিসুজ্জামান সম্পাদিত তারকনাথ গঙ্গোপাধ্যায় রচিত স্বর্ণলতা  ১৪। প্রমথনাথ বিশী ও পবিত্র সরকার সম্পাদিত স্বর্ণলতা  ১৫। পশুপতি শাশমল সম্পাদিত স্বর্ণকুমারী ও বাংলা সাহিত্য।

Course outcome :

৩.১.১) তৃতীয় সেমেস্টার Department Specific Elective (DSE-III) কোর্সের প্রথম গুচ্ছে উপন্যাসের তত্ত্ব ও শৈলী সম্পর্কিত সাধারণ ধারণা, উপন্যাসের উদ্ভবের সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস উনিশ ও বিশ শতকের উপন্যাস পাঠ্য হিসেবে রাখা হয়েছে। বিশেষ পত্র হিসেবে ছাত্র-ছাত্রীদের কাছে এ এই গুচ্ছের গুরুত্ব অনস্বীকার্য। ইউরোপের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবে বাংলা সৃজনধর্মী সাহিত্য ও তার নানান তত্ত্ব-দর্শন নিঃসন্দেহে আজ সমৃদ্ধ। বাংলা কথাসাহিত্যের পাশ্চাত্যতত্ত্ব ও শৈলীগত অনুধাবনা এবং প্রকরণগত রীতিপদ্ধতির দিকে আমাদের উন্মুখতা কিন্তু উনিশ শতক থেকেই বিদ্যমান। আজ দেশ-কালের মাত্রা সহ উপন্যাসের সমালোচনা ও বিশ্লেষণের ব্যাপ্তি তথা বৈচিত্র্য বাংলায় আত্মপ্রকাশ করেছে নব নব রূপে। তার পাঠ ও জ্ঞানান্বেষণ বিশেষপত্রের ছাত্র-ছাত্রীদের জন্যে বিশেষ গুরুত্বপূর্ণ। এর দ্বারা ছাত্র-ছাত্রীরা বিশেষভাবে সমৃদ্ধ হয়ে উঠবে।

৩.১.২) আগের এককের সূত্র ধরে বাংলা উপন্যাস উদ্ভবের সূচনাপর্ব থেকে তিনটি উপন্যাস অন্তর্ভুক্ত করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের বোধ ও চিন্তা প্রসারের জন্যে এই এককে পাঠ্য হিসেবে একটি উপন্যাসকে বেছে নেওয়া হবে। উপন্যাসগুলি পাঠ ও পর্যালোচনার বিশেষ মাত্রাজ্ঞাপক। প্রথমটি, স্বাদেশিকতা জাগরণ ও দেশাত্মপ্রেমের গৌরবমূলক উজ্জ্বল নিদর্শন, রমেশচন্দ্র দত্তের 'মহারাষ্ট্র জীবনপ্রভাত', দ্বিতীয়টি তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা' বাংলার মধ্যবিত্ত পারিবারিক জীবনের সুখ-দুঃখ ভরা বাস্তব অভিজ্ঞতা সঞ্জীবিত নিখুঁত চিত্র সম্বলিত উপন্যাস। বাংলা উপন্যাস উদ্ভবের ইতিহাসে এই উপন্যাসটিকে মাইলস্টোন বলা যায় এবং তৃতীয়টি স্বর্ণকুমার দেবীর 'কাহাকে', সামাজিক উপন্যাস। মনোবিশ্লেষণ ঢঙে আত্মকথন রীতিতে লেখা। উনিশ শতকের কোনো মহিলা-ঔপন্যাসিকের এই লেখা সত্যিই ইতিহাসে গুরুত্বপূর্ণ মাইলফলক স্বরূপ। চেতনা-প্রবাহ মূলক উপন্যাসের বীজ এর মধ্যে নিহিত। ছাত্র-ছাত্রীদের জন্যে এর গুরুত্ব অপরিসীম।

৩.১.৩) এই এককে প্রকরণগত চেতনা-প্রবাহমূলক চিন্তার বিবর্তনের আলেখ্য নির্মিত তিনটি উপন্যাস, যথা, ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়ের 'অন্তঃশীলা', বুদ্ধদেব বসুর 'তিথিডোর' এবং গোপাল হালদারের 'একদা'। বেছে নেওয়া একটি উপন্যাস পাঠ্য হিসাবে রাখা হবে। যা তাদের উপন্যাসের তত্ত্ব ও শৈলীগত নানা দিক অনুধাবনার সহায়ক হবে।

**গুচ্ছ ঃ** (COURSE), ৩.২ (DSE-III) **বিশেষ পত্র ঃ বাংলা কথাসাহিত্য পাঠ। নম্বর ৫০,ক্রেডিট ০৪**

৩.২.১। ছোটগল্পের তত্ত্ব ও শৈলী সম্পর্কিত সাধারণ ধারণা, ছোটগল্পের নানান আন্দোলনের ইতিহাস।

৩.২.২। স্বাধীনতা পূর্ববর্তী ছোটগল্প ঃ (যে কোনো ৩ জনের ৬টি গল্প পাঠ)

১। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **রবিবার, বোষ্টমী**  ২। প্রভাতকুমার মুখোপাধ্যায়ের রচিত **কুড়ানো মেয়ে,**

**বিবাহের বিজ্ঞাপন** ৩। জগদীশ গুপ্ত রচিত **শঙ্কিতা অভয়া, অরূপের রাস** ৪। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত **মৌরিফুল, তারানাথ তান্ত্রিকের দ্বিতীয় গল্প** ৫। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত **রসকলি, না** ৬। মানিক বন্দ্যোপাধ্যায় রচিত **শিল্পী, প্রাগৈতিহাসিক** ৭। প্রেমেন্দ্র মিত্র রচিত **সংসার সীমান্তে, মহানগর** ৮। নরেন্দ্রনাথ মিত্র রচিত **রস, চোর** ৯। বনফুল রচিত **শ্রীপতি সামন্ত, বুধনী** ১০। পরশুরাম রচিত **উলটপুরাণ, শ্রী শ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড**।

৩.২.৩। স্বাধীনতা পরবর্তী ছোটগল্প ঃ (যে কোনো ৩ জনের ৬টি গল্প পাঠ্য)

১। বিমল কর রচিত **জননী, ইঁদুর** ২। কমলকুমার মজুমদার রচিত **মতিলাল পাদ্রী, নিম-অন্নপূর্ণা** ৩। মতি নন্দী রচিত **শবাগার, আত্মভুক** ৪। কবিতা সিংহ রচিত ক্ষুধা, **চিৎ** ৫। শ্যামল গঙ্গোপাধ্যায় **কুবেরের বিষয় আশয়, সাক্ষী ডুমুর গাছ** ৬। সন্তোষকুমার ঘোষ রচিত **কানাকড়ি, দ্বিজ** ৭। সৈয়দ মুস্তাফা সিরাজ রচিত **গোঘ্ন, বাদশা** ৮। জ্যোতিরিন্দ্র নন্দী রচিত **সমুদ্র, গিরগিটি** ৯। সমরেশ বসু রচিত **শহীদের মা, স্বীকারোক্তি** ১০। সোমেন চন্দ রচিত **ইঁদুর, সংকেত**।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। বীরেন্দ্র দত্ত রচিত বাংলা ছোটগল্প প্রসঙ্গ ও প্রকরণ (প্রথম খণ্ড) ২। উজ্জ্বল কুমার মজুমদার রচিত গল্প পাঠকের ডায়েরি ৩। উদয়চাঁদ দাশ রচিত ছোটগল্পের বর্ণালী ঃ কথা থেকে শৈলী ৪। শম্পা চৌধুরী রচিত বিশ শতকের বাংলা ছোটগল্প নবমূল্যায়ন ৫। শম্পা চৌধুরী রচিত প্রসঙ্গ ঃ বাংলা ছোটগল্প স্বাধীনতার আগে পরে ৬। উজ্জ্বলকুমার মজুমদার, উর্মি রায়চৌধুরী ও শচীন দাশ সম্পাদিত বিমল কর ঃ সময় অসময়ের উপাখ্যানমালা ৭। মিঠু নাগ সম্পাদিত এ যুগের গল্প- আধুনিকতার অন্তর্ভাষ্য ৮। রঞ্জনা দত্ত রচিত স্রোতের বিপরীতে জ্যোতিরিন্দ্র নন্দী ৯। অরুণকুমার মুখোপাধ্যায় রচিত কালের পুত্তলিকা, বাংলা কথাসাহিত্য জিজ্ঞাসা ১০। উজ্জ্বল কুমার মজুমদার সম্পাদিত তারাশঙ্কর ঃ দেশ-কাল-সাহিত্য ১১। নারায়ণ গঙ্গোপাধ্যায় রচিত সাহিত্যে ছোটগল্প।

Course outcome :

৩.২.১। তৃতীয় সেমেস্টার (DSE-III) দ্বিতীয় গুচ্ছে তিনটি এককে যথাক্রমে ছোটগল্পের তত্ত্ব ও শৈলী ও নানান আন্দোলনের ইতিহাস, স্বাধীনতা পূর্ববর্তী ছোটগল্প ও স্বাধীনতা পরবর্তী ছোটগল্প পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। বিশেষ পত্র হিসাবে বাংলা কথাসাহিত্যের পাঠক্রমে উপন্যাসের তত্ত্ব ও শৈলী জানা যেমন জরুরী ছোটগল্পের ক্ষেত্রেও তেমন কথা প্রযোজ্য। তার সঙ্গে ছোটগল্পের অঙ্গীভূত নানা আন্দোলনের ইতিহাস ছাত্র-ছাত্রীদের ছোটগল্পের বাঁকবদল সম্পর্কে সঠিক ধারণা দেবে।

৩.২.২। দ্বিতীয় এককে স্বাধীনতা পূর্ববর্তী ছোটগল্পের মাধ্যমে উনিশ ও বিশ শতকের ছোটগল্পের সৃষ্টি, গতিপ্রকৃতি ও তার প্রবহমান ধারা সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সম্যক ধারণা তৈরি করাই এই নির্বাচনের মূল লক্ষ্য।

৩.২.৩। তৃতীয় এককে একইভাবে স্বাধীনতা পরবর্তী গল্পকারদের অসামান্য সৃষ্টির সঙ্গে পরিচয় ঘটবে ছাত্র-ছাত্রীদের। স্বাধীনতা, অর্থ-সামাজিক-রাজনৈতিক নানা পরিবর্তন ছোটগল্পের অভিমুখ কীভাবে বদলে দিয়েছিল এবং বিশ শতকের। পঞ্চম দশক থেকে ছোটগল্পের বিষয় ও আঙ্গিক কীভাবে বদলাতে শুরু করেছিল সে সম্পর্কে ছাত্র-ছাত্রীদের জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে এই এককে স্বাধীনতা পরবর্তী ছোটগল্পের নির্বাচন।

## চতুর্থ সেমেস্টার (সেশন ঃ জানুয়ারি থেকে জুন)

**পাঁচটি গুচ্ছ ঃ মোট ৩০০ নম্বর, মোট ক্রেডিট ২৪**

**প্রথম চারটি গুচ্ছের প্রতিটিতে ৫০ নম্বর এবং পাঁচ নম্বর গুচ্ছের নম্বর ১০০ = মোট ৩০০ নম্বর**

**প্রথম চারটি গুচ্ছের প্রতিটিতে ৪ ক্রেডিট এবং পাঁচ নম্বর গুচ্ছের ক্রেডিট ৮ = মোট ২৪ ক্রেডিট**

১) **বিশেষ পত্র ঃ বাংলা কথাসাহিত্য পাঠ**

**গুচ্ছ ঃ** (COURSE), ৪.১ (DSE-III) **বিশেষ পত্র ঃ বাংলা কথাসাহিত্য পাঠ, নম্বর ৫০,ক্রেডিট ০৪**

৪.১.১। নকশাল আন্দোলন বিষয়ক উপন্যাস (যে কোনো একটি উপন্যাস পাঠ্য)

মহাশ্বেতা দেবী রচিত **হাজার চুরাশির মা** / সমরেশ মজুমদার রচিত **কালবেলা** / বাণী বসু রচিত **অন্তর্ঘাত**।

৪.১.২। দেশভাগ বিষয়ক উপন্যাস (যে কোনো একটি উপন্যাস পাঠ্য)

জ্যোতির্ময়ী দেবী রচিত **এপার গঙ্গা ওপার গঙ্গা** / প্রফুল্ল রায় রচিত **নোনা জল মিঠে মাঠি** / অমিয়ভূষণ মজুমদার রচিত **নির্বাস**।

৪.১.৩। বাংলাদেশের ঔপন্যাসিকের লেখা উপন্যাস (যে কোনো একটি উপন্যাস পাঠ্য)

আখতারুজ্জামান ইলিয়াস রচিত **চিলেকোঠার সেপাই** / সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত **লালসালু** / আবু ইসহাক রচিত **সূর্য দীঘল বাড়ী**।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। শতাব্দী কর সম্পাদিত হাজার চুরাশির মা, অস্তিত্বের অন্বেষণ ২। বুদ্ধদেব ঘোষ ও দেবব্রত বিশ্বাস সম্পাদিত সাতচল্লিশের দেশভাগ ৩। দীনবন্ধু মণ্ডল সম্পাদিত সত্তর উত্তর বাংলা উপন্যাসে অন্ত্যজ জীবন ৪। দেবদুলাল মুন্না সম্পাদিত বাংলা সাহিত্যে দেশভাগ ৫। মনন কুমার মণ্ডল সম্পাদিত পাটিশন সাহিত্য ঃ দেশ, কাল, স্মৃতি ৬। সুজাতা বন্দ্যোপাধ্যায় সম্পাদিত দেশভাগ ও বাংলা সাহিত্য বর্তমান প্রেক্ষিতে ৭। উর্বী মুখোপাধ্যায় সম্পাদিত অমিয়ভূষণের উপন্যাস প্রসঙ্গে ৮। দীনবন্ধু মণ্ডল সম্পাদিত চিলেকোঠার সেপাই বীক্ষণে ও বিশ্লেষণে ৯। তপোধীর ভট্টাচার্য রচিত উপন্যাসের আলো আঁধার ১০। দীনবন্ধু মণ্ডল রচিত সত্তর পরবর্তী গ্রামজীবনের রূপরেখা ১১। অরুণ কুমার মুখোপাধ্যায় রচিত বাংলা দেশের সাহিত্য ১২। মননকুমার মণ্ডল রচিত আধুনিক বাংলা উপন্যাস ব্যষ্টি ও সমষ্টি।

Course outcome :

চতুর্থ সেমেস্টার (DSE-III) কোর্সের তিনটি গুচ্ছের বিশেষ পত্রে বাংলা কথাসাহিত্য পাঠে তিনটি উপন্যাস পাঠ্য হিসেবে রাখা হয়েছে।

৪.১.১। নকশাল আন্দোলন সম্পর্কে ছাত্র-ছাত্রীদের জ্ঞাত করার লক্ষ্যে প্রথম এককের উপন্যাসের নির্বাচন। সাহিত্যপাঠে ঐতিহাসিক প্রসঙ্গ অবশ্যই প্রয়োজনীয়। কারণ বিভিন্ন সময়ের সাহিত্য সেই সময়ের সামাজিক, রাজনৈতিক অবস্থা তথা জীবনচর্চাকে তুলে ধরে। স্বাধীনতার পরবর্তী সময়ই যখন স্বাধীনতাই ব্যহত হয়ে উঠেছিল,

তখন দেশের নবীন প্রজন্ম নতুন এক সাম্যবাদী সাম্রাজ্যের স্বপ্নে উন্মুখ হয়ে যে সহিংস আন্দোলনের ইতিহাস গড়েছিল, সেই আন্দোলনের পরিচয় দিতে এবং তৎকালীন নানান শ্রেণীর মানুষের জীবনযাপন উপস্থাপিত করতে মহাশ্বেতা দেবীর 'হাজার চুরাশির মা', সমরেশ মজুমদারের 'কালবেলা' এবং বাণী বসুর 'অন্তর্ঘাত' উপন্যাস বিশেষ পত্রে ছাত্র-ছাত্রীদের পাঠ্য করা হয়েছে। এই উপন্যাসের মাধ্যমে তাদের সত্তরের দশকের অশান্ত সময় ও নকশাল আন্দোলনের গতিপ্রকৃতি সম্পর্কে সমৃদ্ধ করাই এই নির্বাচনের লক্ষ্য।

৪.১.২। ভারতবর্ষের একটি কলঙ্কিত অধ্যায় 'দেশভাগ'। 'দেশভাগ'কে কেন্দ্র করে বহু মানুষের ছিন্নমূল উদ্বাস্তু হয়ে ওঠার যে করুণ কাহিনী, রাজনৈতিক স্বার্থসিদ্ধির মানুষের আত্মিক পরিচয়ের অবলুপ্তির, দাঙ্গার, সাম্প্রদায়িকতার করুণ ইতিহাসের সাক্ষী হিসাবে জ্যোতির্ময়ী দেবীর 'এপার গঙ্গা ওপার গঙ্গা', প্রফুল্ল রায়ের 'নোনা জল মিঠে মাটি' ও অমিয়ভূষণ মজুমদারের, 'নির্বাস' উপন্যাসগুলি পাঠ্য করা হয়েছে। উক্ত বিষয়ে ছাত্র-ছাত্রীরা একজন মহিলা ও পুরুষের মানসিকতা দেশভাগের যন্ত্রণার অংশীদার হতে পারবে বলেই। একই সঙ্গে দেশভাগ, উদ্বাস্তু সমস্যা ও মানুষের বেঁচে থাকার প্রবল জীবন সংগ্রামের ইতিহাসের সঙ্গে পরিচিত হতে পারবে।

৪.১.৩। বাংলাদেশের সাহিত্য আমাদের কাছে অখণ্ড বাংলার এক আস্বাদ এনে দেয়। ওপার বাংলার মানুষের জীবনচর্চা, সংস্কার, উৎসব আমাদেরকে নতুনভাবে স্পর্শ করে। আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'চিলেকোঠার সেপাই', সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' ও আবু ইসহাক রচিত 'সূর্য দীঘল বাড়ী' যেন বাংলাদেশের প্রকৃতি, মানুষের নানান স্বাদের অভিজ্ঞতায় অভিজ্ঞ করে, এই উপন্যাসগুলি আমাদের প্রতিবেশী দেশ বাংলাদেশের মানুষের সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, সামাজিক অবস্থা সম্পর্কে ছাত্র-ছাত্রীদের যেমন অবগত করবে তেমন অখণ্ড ভারতের এক নিটোল রূপ তাদের সামনে তুলে ধরার জন্য এই উপন্যাসের নির্বাচন।

**গুচ্ছ ঃ** (COURSE), ৪.২ DSE-III **বিশেষ পত্র ঃ বাংলা কথাসাহিত্য পাঠ, নম্বর ৫০,ক্রেডিট ০৪**

৪.২.১। পুনর্নির্মাণ বিষয়ক উপন্যাস (যে কোনো একটি উপন্যাস পাঠ্য)

রাজকুমার মুখোপাধ্যায় রচিত **ধনপতির সিংহল যাত্রা** / শৈবাল মিত্র রচিত **গোরা** / সেলিনা হোসেন রচিত **নীল ময়ূরের যৌবন**।

৪.২.২। সাম্প্রতিক উপন্যাস (যে কোনো একটি উপন্যাস পাঠ্য)

দেবেশ রায় রচিত **তিস্তাপারের বৃত্তান্ত** / কিন্নর রায় রচিত **প্রকৃতি পাঠ** / শীর্ষেন্দু মুখোপাধ্যায় রচিত **ঘুনপোকা**।

৪.২.৩। সাম্প্রতিক ছোটগল্প ঃ (যে কোনো ৩ জনের ৬টি গল্প পাঠ্য)

অনিল ঘড়াই রচিত **কাক**, **টিকলি** ২। ভগীরথ মিশ্র রচিত **পটিদার**, **অভিমন্যু** ৩। আফসার আহমেদ রচিত **স্বামী প্রেমিকের কাছে পত্র**, **গুনাহ** ৪। স্বপ্নময় চক্রবর্তী রচিত **মেয়েমানুষ অথবা কলাগাছ, অষ্টচরণ ষোলো হাঁটু** ৫। সুবিমল মিশ্র রচিত **পার্কস্ট্রীটের ট্রাফিক পোস্টে হলুদ রং, সময়-দুঃখময়** ৬। সুচিত্রা ভট্টাচার্য রচিত **ভাতের গল্প, মারণ বাতাস** ৭। রবিশঙ্কর বল রচিত **দেবতাদের দিনরাত**, **বন্দীনিবাস** ৮। নবনীতা দেবসেন রচিত **প্রজেক্ট চর্মচটিকা**, **দক্ষিণাবর্ত শঙ্খ** ৯। আবুল বাশার রচিত অন্য **নকশী, মাটি ছেড়ে যায়** ১০। অনিতা অগ্নিহোত্রী রচিত **পাথরের চোখ, চন্দনরেখা**।

**সহায়ক গ্রন্থ ঃ**

১। শিশির কুমার দাশ রচিত বাংলা ছোটগল্প ২। অরুণকুমার মুখোপাধ্যায় রচিত কালের পুত্তলিকা ৩। তপোধীর ভট্টাচার্য রচিত ছোটগল্পের সুলুকসন্ধান (পূর্বার্ধ / উত্তরার্ধ) ৪। ব্রজসৌরভ চট্টোপাধ্যায় রচিত অণুগল্পকার নরেন্দ্রনাথ মিত্র ও স্বপ্নময় ৫। সুমিতা চক্রবর্তী রচিত ছোটগল্পের বিষয় আশয় ৬। প্রেমেন্দ্র মিত্র ঃ বাংলা ছোটগল্পের সূচনা ৭। আবুল রহিম গাজী সম্পাদিত যুগের প্রতিবিম্ব বাংলা ছোটগল্প ৮। সুধীর রায় চৌধুরী সম্পাদিত জগদীশ গুপ্তের গল্প ৯। শঙ্কর চট্টোপাধ্যায় রচিত বাংলা উপন্যাসের নিঃসঙ্গ নায়ক ১০। তপোধীর ভট্টাচার্য রচিত উপন্যাসের সময় ১১। দেবেশ রায় রচিত উপন্যাস ঃ তাৎপর্যের খোঁজে, উপন্যাসের বিবিধ সংকট, উপন্যাসের নতুন ধরনের খোঁজে।

Course outcome :

৪.২.১। চতুর্থ সেমেস্টার Departmental Specific Elective (DSE-IV) কোর্সে দ্বিতীয় গুচ্ছে প্রথম এককে নির্বাচিত উপন্যাসে প্রাচীন কাহিনীর নবনির্মাণ অর্থাৎ পুনর্গঠন কেন্দ্রিক উপন্যাসের ধারণা দেবার চেষ্টা করা হয়েছে। এই নবধারার উপন্যাস সম্পর্কে ছাত্র-ছাত্রীদের পরিচয় ঘটানোর জন্যই এই প্রচেষ্টা। আধুনিক সময়ের ঔপন্যাসিকদের কলমে কীভাবে প্রাচীন ও মধ্যযুগীয় কাহিনী আধুনিক কথাসাহিত্যের আধারে নতুনভাবে নির্মিত হচ্ছে তা বোঝানোই মূল উদ্দেশ্য। রামকুমার মুখোপাধ্যায়, শৈবাল মিত্র এবং সেলিনা হোসেনের মতে প্রথিতযশা সহিত্যিকদের সৃষ্ট এই উপন্যাসগুলি এক একটি মাস্টারপিস। বাংলা কথাসাহিত্যের বিশেষ পত্রে এগুলির উপস্থিতি একান্ত প্রয়োজন। এই রচনাগুলি ছাত্র-ছাত্রীদের কাছে উপন্যাসের নির্মাণের দিকটিকে নানা মাত্রিকতায় তুলে ধরতে সফল হবে।

৪.২.২। চতুর্থ সেমেস্টারের দ্বিতীয় এককে দেবেশ রায়ের তিস্তাপারের বৃত্তান্ত-এ উত্তরবঙ্গের তিস্তা এবং তিস্তাতীরবতী নিম্নবর্গীয় উপেক্ষিত-প্রান্তিক মানুষদের প্রাত্যহিক যাপনকে কেন্দ্র করে রচিত এ আখ্যান। এই মহাকাব্যিক উপন্যাসে সমাজ-রাজনীতি-অর্থনীতি-ইতিহাস-সংস্কৃতির অসামান্য বাস্তব চিত্র ফুটে উঠেছে। কিন্নর রায়ের 'প্রকৃতি পাঠ' বর্তমানে সবচেয়ে বেশি আলোচিত বাস্তুতন্ত্রবাদ বা ইকোক্রিটিসিজম বিষয়ক উপন্যাস। আধুনিক সময়ের প্রথিতযশা সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের লেখা 'ঘুনপোকা'। এক মনস্তত্ত্বজটিল জীবনের যন্ত্রণাময় ছবি উপন্যাসের উপজীব্য। ছাত্র-ছাত্রীরা এই উপন্যাস পাঠের ফলে উপন্যাসের আধুনিক দ্বন্দ্ব জটিল জীবনবোধের অসামান্য পর্যায়গুলি সম্বন্ধে জানতে পারবে। এই উদ্দেশ্যেই উপন্যাসগুলি নির্বাচন করা হয়েছে।

৪.২.৩। চতুর্থ সেমেস্টারের দ্বিতীয় গুচ্ছের তৃতীয় এককে সাম্প্রতিক ছোটগল্পকারদের লেখা বিভিন্ন ধরনের ছোটগল্পগুলি রাখা হয়েছে। দশজন গল্পকারের প্রতিনিধিস্থানীয় এবং অসাধারণ মানের কিছু ছোটগল্প নির্বাচিত করা হয়েছে যাতে সাম্প্রতিক সময়ের ছোটগল্পের ধরন ও গতিশীলতাকে ছাত্র-ছাত্রীরা অনুধাবন করতে পারে। আধুনিক বিশিষ্ট ছোটগল্পকারদের লেখার সঙ্গে ছাত্র-ছাত্রীদের পরিচয় ঘটানও এই গুচ্ছের এই এককের অন্যতম লক্ষ্য।

# RISHI BANKIM CHANDRA COLLEGE FOR WOMEN

Naihati, 24 Parganas (N)

**POST GRADUATION IN BENGALI**

Intake Capacity - 30

Eligibility → **50%** Marks in B.A. (Bengali Honours) in Under Graduate Course

**FEES STRUCTURE**

**Session 2024 – 2025**

| **SEMESTER – I** | | | |
|---|---|---|---|
| | **ITEMS** | **CHARGES (IN Rs.)** | |
| 1. | Tuition Fee M.A. @ Rs. 750 Per Month | Rs. | 4,500/- |
| 2. | Admission Fee (Per Year) | Rs. | 500/- |
| 3. | Development Fund (Per Year) | Rs. | 300/- |
| 4. | Session Charge (Per Annum)** | Rs. | 1200/- |
| 5. | Library Fee (Per Annum) | Rs. | 500/- |
| 6. | Library Caution Money (Per Annum) | Rs. | 500/- |
| 7. | Miscellaneous Fee | Rs. | 500/- |
| | **Total (During Admission)** | **Rs.** | **8,000/-** |
| | Eight Thound Only. | | |

| **SEMESTER – II** | | | |
|---|---|---|---|
| | **ITEMS** | **CHARGES (IN Rs.)** | |
| 1. | Tuition Fee M.A. @ Rs. 750 Per Month | Rs. | 4,500/- |
| | Four Thousand Five Hundred Only. | | |

| **SEMESTER – III** | | | |
|---|---|---|---|
| | **ITEMS** | **CHARGES (IN Rs.)** | |
| 1. | Tuition Fee M.A. @ Rs. 750 Per Month | Rs. | 4,500/- |
| 2. | Admission Fee (Per Year) | Rs. | 500/- |
| 3. | Development Fund (Per Year) | Rs. | 300/- |
| 4. | Session Charge (Per Annum)** | Rs. | 1200/- |
| 5. | Library Fee (Per Annum) | Rs. | 500/- |
| 6. | Library Caution Money (Per Annum) | Rs. | 500/- |
| 7. | Miscellaneous Fee | Rs. | 500/- |
| | **Total (During Admission)** | **Rs.** | **8,000/-** |
| Eight Thound Only. | | | |

| SEMESTER – IV | | |
|---|---|---|
| | **ITEMS** | **CHARGES (IN Rs.)** |
| 1. | Tuition Fee M.A. @ Rs. 750 Per Month | Rs. 4,500/- |
| | Four Thousand Five Hundred Only. | |


N.B. : University Registration And Examination Fees will have to be paid by candidate as pre WBSU Guidelines.

TOTAL FEES DURING PG COURSE

| Semesters | Fees |
|---|---|
| Ist | 8,000 |
| IInd | 4,500 |
| IIIrd | 8,000 |
| IVth | 4,500 |
| Total | 25,000 |

Twenty Five Thousand Only.

N.B. → Rs. 500/- Chargable for Miscellaneous - (Pay at Final Semester)



কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গলের একটি পৃষ্ঠা

# বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

## স্নাতকোত্তর পাঠক্রম

**স্ব-অর্থসংস্থানমূলক (Self-financing)**

**(পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় অনুমোদিত)**

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ

## পাঠক্রমের সাধারণ তথ্যাবলী

১। মোট অনুমোদিত আসন সংখ্যা ৩০।

সাধারণ (General) ২১; তপসিলি জাতি (SC) ০৬; তপসিলি উপজাতি (ST) ০১; অন্যান্য অনগ্রসর শ্রেণি (OBC) ক (A) ০১, খ (B) ০১।

২। ২০১৮ পর্যন্ত যে কোনও অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে **বাংলা সাম্মানিক নিয়ে** উত্তীর্ণ পুরুষ ও মহিলা শিক্ষার্থীই বাংলা স্নাতকোত্তর পাঠক্রমে ভর্তির যোগ্য বিবেচিত হবে (পূর্ববর্তী কোনো বছরে উত্তীর্ণদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের নিয়ম প্রযোজ্য)।

৩। মেধাতালিকার ভিত্তিতে ভর্তি-তালিকা প্রস্তুত হবে।

৪। সম্পূর্ণ পাঠক্রমটি স্ব-অর্থসংস্থানমূলক (Self-financing)

৫। প্রতি সেমেস্টারে পরীক্ষায় বসার ক্ষেত্রে উপস্থিতির হার অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নিয়ম বা শর্ত প্রযোজ্য।

৬। বাংলা স্নাতকোত্তর পাঠক্রম সর্বমোট ২ বছরের।

৭। ২ বছরের স্নাতকোত্তর পাঠক্রম ৪টি সেমেস্টারে বিভাজিত।

৮। প্রতিটি সেমেস্টারের মেয়াদ ৬ মাস।

ক) প্রথম সেমেস্টার : জুলাই - ডিসেম্বর।

খ) দ্বিতীয় সেমেস্টার : জানুয়ারি - জুন।

গ) তৃতীয় সেমেস্টার : জুলাই - ডিসেম্বর।

ঘ) চতুর্থ সেমেস্টার : জানুয়ারি - জুন।

৯। প্রতি সেমেস্টারে ৫০ নম্বরের ৪টি গুচ্ছ। মোট নম্বর ২০০। অর্থাৎ ২ বছরের ৪টি সেমেস্টারে পূর্ণ নম্বর ৮০০।

## গ্রন্থাগার

গ্রন্থাগারিক ঃ শ্রীমতী তুলিমা দে; এম. এ.; এম. এল. আই. এসসি.।

১। সোমবার থেকে শনিবার সকাল ৭-৩০ থেকে ১২-৩০ পর্যন্ত সমস্ত শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের জন্য গ্রন্থাগার খোলা থাকে।

২। গ্রন্থাগার ব্যবহার করা বা বই ধার নেওয়ার জন্য নির্ধারিত আবেদনপত্র বা রিক্যুইজিশন স্লিপ পূর্ণ করে জমা দেওয়া আবশ্যিক। অন্যথায় বই ব্যবহার করতে দেওয়া যাবে না। নথিভুক্ত (রেজিস্টার্ড) বই বা জার্নালই গ্রন্থাগার থেকে দেওয়া হবে। বিনা নথিভুক্ত বই বা জার্নাল কোনোভাবেই ইস্যু হবে না।

৩। গ্রন্থাগারের কার্ড (রিডিং রুম কার্ড এবং লেন্ডিং কার্ড) অপরিবর্তনযোগ্য। কোনো গ্রন্থাগারের কার্ড হারালে দশটাকা ফাইন দিয়ে দ্বিতীয় কপি কার্ড পাওয়া যাবে।

৪। বই পনেরো দিনের জন্য দেওয়া যাবে। পনেরো দিনের মধ্যে ফেরত না দিলে প্রতি দিন ১ টাকা ফাইন দিতে হবে।

৫। গ্রন্থাগারের পাঠকক্ষে কথা বলা বা কোনো কিছু খাওয়া নিষিদ্ধ।

৬। গ্রন্থাগারে রিডিং রুম এবং কম্পিউটার ব্যবহারের সুবিধা আছে।

৭। কম্পিউটারগুলিতে কোহা (KOHA) সফট্ওয়ারের সুবিধা আছে।

৮। গ্রন্থাগারে ইনফ্লিবনেট (INFLIBNET)-এর মত অনলাইন রিসোর্সেস্-এর অ্যাকসেস্ বা সুবিধা পাওয়া যাবে।

৯। গ্রন্থাগারে ফটোকপি করার সুবিধা আছে।

## সেমিনার বা আলোচনা সভা

বাংলা বিভাগে সারাবছর বিভিন্ন বিষয়ে আলোচনা সভার আয়োজন করা হয়।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (UGC)-এর সহায়তায় বড়ো আলোচনা সভারও পরিকল্পনা করা হয়। বিশেষজ্ঞ বিশিষ্ট অধ্যাপক ও গবেষকবৃন্দ সেই আলোচনায় বক্তব্য পরিবেশন করেন।

## ছাত্রীদের জন্য পরিষেবা

১। মহাবিদ্যালয়ের বিদ্যাসাগর ভবনের আলোচনা-সভাগৃহ (ICT Seminar Hall), Audio-Visual — পঠন-পাঠনের ব্যবস্থা আছে।

২। মহাবিদ্যালয়ে একটি বড়ো সভাগৃহ রয়েছে। তিনটি মহাবিদ্যালয়েরই সাধারণ ব্যবহারযোগ্য সেই সভাগৃহের নাম 'কমলাকান্ত সভাঘর'।

৩। মহাবিদ্যালয়ের ক্যান্টিনের সুবন্দোবস্ত আছে।

৪। ছাত্র-ছাত্রীদের ব্যবহারের জন্য একটি কমন রুমের ব্যবস্থা আছে।

## প্রাক্তনী সমিতি

মহাবিদ্যালয়ে প্রাক্তন শিক্ষার্থীদের জন্য একটি সরকারী নথিভুক্ত প্রাক্তনী সমিতি আছে।

## অ্যান্টি-র‍্যাগিং সেল

মহাব্যিদালয়ের একটি সক্রিয় অ্যান্টি-র‍্যাগিং সেল আছে। ছাত্র-ছাত্রীরা এই সংক্রান্ত সমস্যায় অ্যান্টি-র‍্যাগিং সেলের কাছে অভিযোগ জানাতে পারে।

## অ্যান্টি-সেক্সুয়াল হ্যারাসমেন্ট সেল

সারাবছর ধরে কলেজের অ্যান্টি-সেক্সুয়াল হ্যারাসমেন্ট সেল ছাত্রীদের সমস্যা সমাধানের এবং সচেতনতা বৃদ্ধির চেষ্টা করে।

## এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিস

১। মহাবিদ্যালয়ের শরীর চর্চার জন্য জিমের ব্যবস্থা আছে।

২। সাহিত্যের শিক্ষার্থীদের সৃজনশীল লেখায় এবং সাংস্কৃতিক বিষয়ে উৎসাহদানের জন্য প্রাচীর পত্রিকা, বার্ষিক মুদ্রিত পত্রিকা ('বাংলার মুখ'), Online Journal (অনুপ্রাণনা) এবং বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৩। প্রতিবছর ছাত্রী সংসদ পরিচালিত ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৪। মহাবিদ্যালয়ে নিয়মিতভাবে **নারীদিবস, আন্তর্জাতিক মাতৃভাষাদিবস, স্বাধীনতা দিবস, প্রজাতন্ত্র দিবস, রবীন্দ্র-জয়ন্তী, বিদ্যাসাগর জন্মদিবস, বিশ্ব পরিবেশ দিবস, আন্তর্জাতিক যোগ-দিবস, নবীনবরণ, সরস্বতী পূজা** ইত্যাদি কলেজের IQAC এবং বাংলা বিভাগের উদ্যোগে আয়োজিত হয়।

# পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের ছুটির তালিকা

| উপলক্ষ | দিনসংখ্যা |
|---|---|
| ইংরাজি নববর্ষ (১ জানুয়ারি) | ১ দিন |
| স্বামী বিবেকানন্দের জন্মদিন | ১ দিন |
| ফতেহা দোয়াজ দাহাম | ১ দিন |
| নেতাজির জন্মদিন | ১ দিন |
| প্রজাতন্ত্র দিবস | ১ দিন |
| বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা দিবস | ১ দিন |
| সরস্বতী পূজা | ১ দিন |
| দোলযাত্রা, হোলি | ২ দিন |
| গুড ফ্রাইডে | ১ দিন |
| বি. আর. আম্বেদকরের জন্মদিবস | ১ দিন |
| বাংলা নববর্ষ (১ বৈশাখ) | ১ দিন |
| মে দিবস | ১ দিন |
| রবীন্দ্র জয়ন্তী (২৫ বৈশাখ) | ১ দিন |
| বুদ্ধপূর্ণিমা | ১ দিন |
| ইদ-উল-ফেতর | ১ দিন |
| সব-এ-বরাত | ১ দিন |
| মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবস | ১ দিন |
| জন্মাষ্টমী | ১ দিন |
| স্বাধীনতা দিবস | ১ দিন |
| ইদুজ্জোহা | ১ দিন |
| মহাত্মা গান্ধী-জয়ন্তী | ১ দিন |
| মহালয়া | ১ দিন |
| পূজার ছুটি (দুর্গাষষ্ঠী থেকে লক্ষ্মীপূজা) | ১১ দিন |
| কালীপূজা | ২ দিন |
| ভ্রাতৃদ্বিতীয়া | ১ দিন |
| জগদ্ধাত্রী পূজা | ১ দিন |
| মহরম | ১ দিন |
| ছট পূজা | ১ দিন |
| গুরুনানকের জন্মদিন | ১ দিন |
| রথযাত্রা | ১ দিন |
| খ্রিস্টজয়ন্তী | ১ দিন |
| অধ্যক্ষের বিবেচনা | ৫ দিন |